মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর ও পরিদপ্তরে
গ্রেড ১১তম থেকে গ্রেড ২০তম [৩য় ও ৪র্থ শ্রেণি] পদে
নিয়োগ প্রার্থীদের লিখিত সাধারণ জ্ঞান সহায়িকা

সেল্ফ প্রিপারেশন
সাধারণ জ্ঞান

- বাংলাদেশ
- আন্তর্জাতিক
- আইসিটি

সেল্ফ পাবলিকেশন্স

সূচিপত্র

বাংলাদেশ বিষয়াবলি

প্রাচীন বাংলা ০৬

বাংলাদেশের অভ্যুদয় (১৯৪০-১৯৭০) ০৮

লাহোর প্রস্তাব, ভাষা আন্দোলন পটভূমি, প্রাদেশিক নির্বাচন (১৯৫৪) ও যুক্তফ্রন্ট, ছয় দফা, আগরতলা ষড়যন্ত্র মামলা, গণঅভ্যুত্থান, সাধারণ নির্বাচন (১৯৭০), বিবিধ

মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ ১১

স্বাধীনতার ইশতাহার, ৭ই মার্চের ভাষণ, মুক্তিযুদ্ধকালীন অপারেশন, স্বাধীনতা ঘোষণা, মুজিবনগর সরকার, মুক্তিযুদ্ধের রণকৌশল, অবদান ও খেতাব, বীরশ্রেষ্ঠ ৭ জন, মুক্তিযুদ্ধকালীন বিভিন্ন দেশ/সংস্থার পদকর্তা, বাংলাদেশের স্বাধীনতার স্বীকৃতি, ঐতিহাসিক দিনের তারিখ ও বার, আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশ, বিবিধ

সংবিধান, জাতীয় সংসদ ও সরকার ব্যবস্থা ১৭

গণপরিষদ ও সংবিধান, জাতীয় সংসদ, সরকার ব্যবস্থা, শপথ গ্রহণ, বিভিন্ন পদের, মেয়াদ, সাংবিধানিক সংগঠন ও পদ, প্রশাসনিক কাঠামো

বাংলাদেশের অর্থনীতি, সংস্কৃতি ও জাতীয় বিষয়াবলি ২২

ব্যাংক, মুদ্রা, কর, ইপিজেড, অর্থনৈতিক উন্নয়ন পরিকল্পনা, বাংলাদেশ প্রেক্ষিত পরিকল্পনা, বন, খনিজ সম্পদ ও শিল্প, স্থাপনা ও স্থপতি, উপজাতি, গান ও নৃত্য, চলচ্চিত্র, বাংলাদেশের রণ সংগীত, জাতীয় পতাকা, জাতীয় সঙ্গীত, জাতীয় কবি, রাষ্ট্রীয় মনোগ্রাম অন্যান্য চিত্রকর্ম, পুরস্কার, জাতীয় ও আন্তর্জাতিক দিবস, বাংলাদেশের প্রথম ও বর্তমান, তম, বাংলাদেশের মেগা প্রকল্প

ভৌগোলিক ২৯

বাংলাদেশের অবস্থান ও সীমানা, বাংলাদেশের চারদিক, বিভাগ, জেলা, উপজেলা, ঐতিহাসিক স্থানের পূর্ব নাম, উপনাম, সেতু, বাঁধ/ব্যারেজ, রেল, বিমান, সমুদ্রবন্দর, নদী বন্দর, স্থল বন্দর, পাহাড়-পর্বত ও ভ্যালি, আবহাওয়া ও জলবায়ু, স্যাটেলাইট, চর, বিল, হাওর, লেক, খাল,নদী, খাত ও চ্যানেল, ঝরণা, জলপ্রপাত, সমুদ্র সৈকত, দ্বীপ, বাংলাদেশের বিশ্ব ঐতিহ্যবাহী স্থানসমূহ, ভৌগোলিক নির্দেশক (জিআই), পণ্যসামগ্রী, রামসার সাইট, প্রত্নস্থল, জাদুঘর, ক্রীড়া

জুলাই গণঅভ্যুত্থান ৩৯

অন্তর্বর্তীকালীন সরকার ও ড. মুহাম্মদ ইউনূস ৪০

বিশিষ্ট ব্যক্তিবর্গ ৪১

বিবিধ ৪২

আন্তর্জাতিক বিষয়াবলি

দেশ-মহাদেশ ৪৬
বিশ্বের বৃহত্তম ও ক্ষুদ্রতম দেশ, দেশ, রাজধানী, মুদ্রা ও দেশভিত্তিক তথ্য

ভৌগোলিক ৫৮
ভৌগোলিক উপনাম, বর্তমান নাম ও পুরাতন নাম, বিভিন্ন দেশের পুরাতন ও বর্তমান রাজধানী, সীমারেখা, অমীমাংসিত ভূখণ্ড, সমুদ্র বন্দর, প্রণালী, বন, আইনসভা, সরকারি বাসভবন, বিশ্বের বৃহত্তম, ক্ষুদ্রতম, দীর্ঘতম, উচ্চতম, গভীরতম

সংগঠন ৬৩
জাতিসংঘ, বিভিন্ন সংস্থা, সদর দপ্তর, বৈশ্বিক উন্নয়নের রূপকল্প

গণযোগাযোগ, যুদ্ধ, পুরস্কার ৬৮
সংবাদ সংস্থা, স্যাটেলাইট চ্যানেল, সংবাদপত্র/ ম্যাগাজিন, সামাজিক যোগাযোগ মাধ্যম/ই-কমার্স, বিমান, যুদ্ধ, বিপ্লব, পুরস্কার, চিত্রশিল্পী, উপাধি, বিখ্যাত গ্রন্থ, বিখ্যাত উক্তি, পরিভাষা, ক্রীড়া, গুরুত্বপূর্ণ সালক্রম

বিবিধ ৭৩

কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি

মৌলিক ৭৮
কম্পিউটারের জনক ও অন্যান্য, কম্পিউটার সংগঠন, ন্যানোটেকনোলজি, মেমোরি, বিবিধ, সংখ্যা পদ্ধতি, কীবোর্ড, গুগল, মাইক্রোসফট, অ্যাপল, ইন্টারনেট, নেটওয়ার্ক, ওয়্যারলেস কমিউনিকেশন, ই-মেইল, সাবমেরিন ক্যাবল ও অপটিক্যাল ফাইবার, ই-কমার্স, সামাজিক যোগাযোগ মাধ্যম, মোবাইল ফোন, আবিষ্কারক, চ্যাটজিটিপি

অঙ্গ সংগঠন, ফাইল এক্সটেনশন, ফাংশন কী ব্যবহার ৯০

পার্থক্য ৯২
র‍্যাম ও রোমের মধ্যে পার্থক্য, হার্ডওয়্যার ও সফটওয়্যার এর মধ্যে পার্থক্য, বিট ও বাইটের মধ্যে পার্থক্য, ইন্টারনেট ও ইন্ট্রানেটের মর্ধে পার্থক্য

মাইক্রোসফট ওয়ার্ড-২০১৬ অনুসারে টুলবার ও শর্টকাট ৯৫

বিজ্ঞান ৯৩

পূর্ণরূপ ১০২

চলতি ও আগামীর বিশ্ব ১০৮

প্রশ্ন সমাধান

বিসিএস প্রিলিমিনারি (১০তম-৪৬তম) এর প্রশ্ন সমাধান ১১১
২০১৮ সালে অনুষ্ঠিতব্য লিখিত পরীক্ষার প্রশ্ন সমাধান ১৩৪
২০১৯ সালে অনুষ্ঠিতব্য লিখিত পরীক্ষার প্রশ্ন সমাধান ১৩৮
২০২০ সালে অনুষ্ঠিতব্য লিখিত পরীক্ষার প্রশ্ন সমাধান ১৪৬
২০২১ সালে অনুষ্ঠিতব্য লিখিত পরীক্ষার প্রশ্ন সমাধান ১৬০
২০২২ সালে অনুষ্ঠিতব্য লিখিত পরীক্ষার প্রশ্ন সমাধান ১৯১
২০২২ সালে অনুষ্ঠিতব্য লিখিত পরীক্ষার প্রশ্ন সমাধান-২ ..... ২১৫
২০২৩ সালে অনুষ্ঠিতব্য লিখিত পরীক্ষার প্রশ্ন সমাধান ২৪৯
২০২৪ সালে অনুষ্ঠিতব্য লিখিত পরীক্ষার প্রশ্ন সমাধান ৩৭৪


Rangpur
Bogura
Mymensingh
Sylhet
Rajshahi
BANGLADESH
INDIA
INDIA
Khulna
Barishal
Chattogram
Kuakata
Cox's Bazar
Bay of Bengal

বাংলাদেশ বিষয়াবলি

প্রাচীন বাংলা

- সর্বপ্রথম বঙ্গ শব্দটি পাওয়া যায় 'ঐতরেয় আরণ্যক' গ্রন্থে।
- 'অস্ট্রিক' গোষ্ঠী থেকে বাঙালি জাতির প্রধান অংশ গড়ে উঠেছে।
- বাংলা আদি অধিবাসীগণ 'অস্ট্রিক' ভাষাভাষীর ছিলেন।
- বাংলাদেশের প্রাচীন জাতির নাম 'দ্রাবিড়'।
- বাংলার সর্ব প্রাচীন জনপদের নাম 'পুণ্ড্র' ।
- পুণ্ড্র জনপদের রাজধানী ছিল মহাস্থানগড়।
- 'সমতট' জনপদটি বর্তমানের কুমিল্লা ও নোয়াখালী অঞ্চলে গড়ে উঠেছিল।
- প্রাচীন বাংলায় ২ টি রাজ্য (বঙ্গ ও গৌড়) ছিল।
- প্রাচীন গৌড়ের রাজধানী ছিল- কর্ণসুবর্ণ।
- দীর্ঘ স্থায়ী রাজবংশ পাল বংশ। পাল বংশের প্রতিষ্ঠাতা 'গোপাল'।
- মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা 'জহির উদ্দিন মুহাম্মদ বাবর'।
- শেষ মুঘল সম্রাট 'দ্বিতীয় বাহাদুর শাহ'।
- বাংলার নাম 'জান্নাতাবাদ' দেন হুমায়ুন।
- বাংলার নববর্ষ পহেলা বৈশাখ/বাংলা সন চালু করেন সম্রাট আকবর।

বঙ্গভঙ্গ

- বঙ্গভঙ্গ হয় ১৯০৫ সালে।
- বঙ্গভঙ্গ করেন লর্ড কার্জন।
- বঙ্গভঙ্গের ফলে দুটি প্রদেশ হয়-
  - ক) পূর্ব বাংলা ও আসাম প্রদেশ (রাজধানী- ঢাকা)
  - খ) বাংলা প্রদেশ (রাজধানী-কলকাতা)
- বঙ্গভঙ্গ রদ হয় ১৯১১ সালে।
- বঙ্গভঙ্গ রদ করেন লর্ড হার্ডিঞ্জ।
- রদ ঘোষণা করেন রাজা পঞ্চম জর্জ

- ভারতীয় উপমহাদেশে ডাক ব্যবস্থার প্রবর্তক শেরশাহ। নির্মাণ করেন 'গ্রান্ড ট্রাঙ্ক রোড' (সোনারগাঁও, নারায়ণগঞ্জ)
- ইখতিয়ার উদ্দিন মোহাম্মদ বিন বখতিয়ার খলজি (আফগানিস্তানের অধিবাসী) শাসক লক্ষণ সেন এর সময় প্রথম বাংলা জয় করেন ১২০৪ সালে।
- মরক্কো দেশের অধিবাসী ইবনে বতুতা চতুর্দশ শতকে ১৩৪৬ সালে বাংলাদেশে আসেন।
- সুলতানী আমলে বাংলার রাজধানীর নাম ছিল গৌড়।
- বাংলার প্রথম স্বাধীন সুলতান ফখরুদ্দীন মোবারক শাহ।
- বাংলায় স্বাধীন সুলতানি শাসন প্রতিষ্ঠা করেন ফখরুদ্দীন মোবারক শাহ।
- চট্টগ্রামের নাম ইসলামাবাদ দেন শায়েস্তা খান।
- মুঘল আমলে ঢাকা সর্বপ্রথম ১৬১০ সালে বাংলার রাজধানী হয়েছিল।
- ঢাকা সর্বপ্রথম রাজধানী হয় মুঘল সুবেদার ইসলাম খান এর আমলে।
- বাংলার রাজধানী হিসেবে ঢাকা হয় ১৬১০ সালে, ১৬৬০ সালে, ১৯০৫ সালে, ১৯৪৭ সালে এবং ১৯৭১ সালে।
- মুঘল আমলে ঢাকার নাম ছিল জাহাঙ্গীরনগর। ঢাকার নাম 'জাহাঙ্গীরনগর' রাখেন ১৬১০ সালে ইসলাম খান।
- ধোলায় খাল খনন করেন ইসলাম খান।
- বাংলার প্রথম স্বাধীন নবাব ছিল মুর্শিদকুলী খান। বাংলার শেষ স্বাধীন নবাব- নবাব সিরাজউদ্দৌলা।
- ১৭৫৭ সালের ২৩ জুন পলাশী যুদ্ধ সংঘটিত হয়েছিল 'ভাগীরথী' নদীর তীরে।
- পানি পথের যুদ্ধ হয়েছিল যমুনা নদীর তীরে। তাজমহল ভারতের উত্তর প্রদেশের আগ্রার যমুনা নদীর তীরে অবস্থিত।
- ইউরোপীয় বণিকদের মধ্যে সর্বপ্রথম বাংলায়/ভারতবর্ষে আসেন পর্তুগিজরা। বাংলায় পরিচিত ফিরিঙ্গি নামে।

❖ সর্বশেষে এদেশে আসে ফরাসিরা ।

❖ ব্রিটিশ বিরোধী আন্দোলনে প্রথম নারী শহীদ হলেন চট্টগ্রামের অধিবাসী প্রীতিলতা ওয়াদ্দেদার।

❖ চিরস্থায়ী বন্দোবস্ত প্রথা চালু হয় ১৭৯৩ সালে। চালু করেন লর্ড কর্ণওয়ালিস।

❖ চিরস্থায়ী বন্দোবস্ত প্রথা বিলোপ হয়- ১৯৫০ সালে। জমিদার প্রথা বিলুপ্ত হয় ১৯৫০ সালে।

➢ সতীদাহ প্রথা বিলোপ হয় ১৮২৯ সালে। বিলোপ করেন লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক।

❖ ছিয়াত্তরের মন্বন্তর/দুর্ভিক্ষ হয় বাংলা ১১৭৬ বঙ্গাব্দে/ ইংরেজি ১৭৭০ সালে।

❖ পঞ্চাশের মন্বন্তর/তেতাল্লিশের দুর্ভিক্ষ হয় বাংলা ১৩৫০ বঙ্গাব্দে/ ইংরেজি ১৯৪৩ সালে।

❖ বাংলায় স্থানীয় স্বায়ত্তশাসন/ স্থানীয় সরকার ব্যবস্থা প্রবর্তন করেন লর্ড রিপন।

❖ ফরায়েজী আন্দোলনের নেতা হাজী শরীয়তুল্লাহ (মাদারীপুর)। আন্দোলনের কেন্দ্র ছিল ফরিদপুর।

➲ তেভাগা আন্দোলনের জনক/ নেতা/পথিকৃৎ হাজী মোহাম্মদ দানেশ

➲ তেভাগা আন্দোলনের নেত্রী ছিলেন ইলা মিত্র।

❖ তিতুমীরের বাঁশের কেল্লা (স্থাপন হয় ১৮৩১) 'নারিকেলবাড়িয়া' তে অবস্থিত ছিল।

❖ বঙ্গীয় প্রজাস্বত্ব আইন সংশোধন করে জমিদার প্রথা বিলোপে ভূমিকা রাখেন এ কে ফজলুল হক।

❖ অবিভক্ত বাংলার প্রথম মুখ্যমন্ত্রী ছিলেন এ. কে. ফজলুল হক (বরিশাল)।

❖ অবিভক্ত বাংলার শেষ মুখ্যমন্ত্রী ছিলেন হোসেন শহীদ সোহরাওয়ার্দী।

❖ ভারত স্বাধীনতা আইন পাশ হয় ১৯৪৭ সালে।

❖ পাকিস্তান রাষ্ট্রের জন্ম ১৪ আগস্ট, ১৯৪৭।

❖ ভারত রাষ্ট্রের জন্ম ১৫ আগস্ট, ১৯৪৭।

প্রাচীন জনপদ

প্রাচীন জনপদ	বর্তমান স্থান
পুণ্ড্র	রাজশাহী, রংপুর, দিনাজপুর, বগুড়া (মহাস্থানগড়)
বঙ্গ	ঢাকা, ময়মনসিংহ, ফরিদপুর, বরিশাল
সমতট	কুমিল্লা ও নোয়াখালী
হরিকেল	সিলেট, চট্টগ্রাম

পানি পথের যুদ্ধসমূহ

যুদ্ধ	সাল	পক্ষ-বিপক্ষ	বিজয়ী
১ম যুদ্ধ	১৫২৬	বাবর বনাম লোদী	বাবর
২য় যুদ্ধ	১৫৫৬	বৈরাম খান বনাম হিমু	বৈরাম খান
৩য় যুদ্ধ	১৭৬১	আহমদ শাহ আবদালি বনাম মারাঠা	আহমদ শাহ আবদালি

ক্রম

মুঘল শাসকদের ক্রম

জহির উদ্দিন মুহাম্মদ বাবর
(মুঘল সম্রাজ্যের প্রতিষ্ঠাতা)
↓
হুমায়ূন
↓
আকবর
↓
জাহাঙ্গীর
↓
শাহজাহান
↓
আওরঙ্গজেব
↓
দ্বিতীয় বাহাদুর শাহ
(শেষ মুঘল সম্রাট)

ছাত্র-শিক্ষক ক্রম

সক্রেটিস
↓
প্লেটো
↓
এরিস্টটল
↓
আলেকজান্ডার

মনে রাখতে- বাবার হইল একবার জ্বর সারিল ঔষধে

বাংলাদেশের অভ্যুদয় (১৯৪০-১৯৭০)

লাহোর প্রস্তাব

- উপস্থাপক/ঘোষণা করেছেন: শেরে বাংলা এ কে ফজলুল হক
- স্থান: লাহোর; নিখিল ভারত মুসলিম লীগের সাধারণ অধিবেশনে।
- ঘোষণা করেন: ২৩ মার্চ ১৯৪০
- ভিত্তি ছিল: দ্বি-জাতি তত্ত্ব

ভাষা আন্দোলন পটভূমি

- ভাষা আন্দোলনের মূল ভিত্তি ছিল বাঙালি জাতীয়তাবাদ। বাঙালি জাতীয়তাবাদের মূল ভিত্তি ভাষা ও সংস্কৃতি।
- ভাষা আন্দোলনের প্রথম সংগঠন 'তমদ্দুন মজলিস'। অধ্যাপক আবুল কাশেমের নেতৃত্বে ২ সেপ্টেম্বর ১৯৪৭ সালে তমদ্দুন মজলিস গঠিত হয়। ভাষা আন্দোলনের ফলে প্রথম প্রতিষ্ঠান 'বাংলা একাডেমি'।
- ১৯৪৭ সালে 'রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠিত হয়।
- ১৯৪৮ সালের ২ মার্চ 'সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠিত হয়।
- ১৯৫২ সালের ৩১ জানুয়ারি 'সর্বদলীয় কেন্দ্রীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' গঠিত হয়।
- ধীরেন্দ্রনাথ দত্ত সর্বপ্রথম পাকিস্তানের গণপরিষদে ১৯৪৮ সালে 'বাংলা' কে রাষ্ট্রভাষা করার দাবি করেন। (তার পৈত্রিক নিবাস কুমিল্লা)
- ১৯৪৮ সালের ২১ মার্চ মোহাম্মদ আলী জিন্নাহ ঢাকার তৎকালীন রেসকোর্স ময়দানে এক জনসভায় ঘোষণা দেন, "উর্দু এবং উর্দুই হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা"।
- ১৯৫২ সালের ২০ ফেব্রুয়ারি পাকিস্তান সরকার ১৪৪ ধারা জারি করে এবং সভা সমাবেশ নিষিদ্ধ করে।
- ১৯৫২ সালের ২১ শে ফেব্রুয়ারি, বৃহস্পতিবার (বাংলা: ৮ ফাল্গুন ১৩৫৮) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা ১৪৪ ধারা ভঙ্গ করে রাষ্ট্রভাষা বাংলার দাবিতে ঢাকা মেডিকেল কলেজ চত্বরে সমবেত হলে তাদের উপর পুলিশ গুলিবর্ষণ করেন। গুলিবর্ষণে আবদুস সালাম, আবুল বরকত, রফিক উদ্দিন, আবদুল জব্বার প্রমুখ শহীদ হন।
- প্রথম ভাষা শহীদ রফিক (মানিকগঞ্জ)। দ্বিতীয় ভাষা শহীদ আব্দুল জব্বার (ময়মনসিংহ)।
- পাকিস্তানের গণপরিষদে বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয় ১৯৫৪ সালের ৯ মে।
- বাংলা ভাষাকে সাংবিধানিকভাবে রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দেয় ১৯৫৬ সালের ১৬ ফেব্রুয়ারি।
- ভাষা আন্দোলনের সময় পাকিস্তানের প্রধানমন্ত্রী ছিলেন খাজা নাজিম উদ্দীন।
- ভাষা আন্দোলনের সময় পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী ছিল নূরুল আমীন।
- ভাষা আন্দোলনের সময় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ফরিদপুর কারাগারে বন্দী ছিলেন।
- ভাষা আন্দোলনের সময় 'সাপ্তাহিক সৈনিক' পত্রিকা বিশেষ ভূমিকা পালন করেন।
- ইউনেস্কো তাদের ৩০তম সম্মেলনে ১৭ নভেম্বর, ১৯৯৯ সালে '২১শে ফেব্রুয়ারি' কে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি দেয়।
- ২০০০ সালে বিশ্বের ১৮৮টি দেশে সর্বপ্রথম দিবসটি পালিত হয়।
- জাতিসংঘ ২০০৮ সালের ৫ ডিসেম্বর ৬৩তম সম্মেলনে '২১শে ফেব্রুয়ারি' কে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি দেয়।
- জাতিসংঘ ২০১০ সাল হতে '২১ ফেব্রুয়ারি' কে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালন করে।
- ১৯৪৮-১৯৫২ সালের ভাষা আন্দোলনের সময় 'ভাষা দিবস' হিসেব ১১ই মার্চ পালন করা হতো।

- 'আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট' সেগুনবাগিচা, ঢাকায় অবস্থিত।
- 'বাংলা' ভাষাকে দ্বিতীয় রাষ্ট্রভাষার মর্যাদা দিয়েছেন (২০০২ সালে) আফ্রিকা মহাদেশের দেশ 'সিয়েরা লিওন'।
- জনসংখ্যায় বিশ্বে বাংলাদেশের অবস্থান ৮ম।
- দেশের সর্বোচ্চ শহিদ মিনার (৭১ ফুট) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অবস্থিত। ঢাকায় কেন্দ্রীয় শহিদ মিনার উন্মোচন করেন শহিদ বরকতের মা।
- বাংলাদেশের বাহিরে/বিদেশে প্রথম শহিদ মিনার স্থাপিত হয় যুক্তরাজ্যে। দেশের অর্থায়নে বিদেশে প্রথম শহিদ মিনার জাপানে।

প্রাদেশিক নির্বাচন (১৯৫৪) ও যুক্তফ্রন্ট

- পাকিস্তান সরকার ১৯৫৪ সালের মার্চে তৎকালীন পূর্ব পাকিস্তানে প্রাদেশিক নির্বাচন অনুষ্ঠিত হওয়ার ঘোষণা দেয়। এ নির্বাচনে ক্ষমতাসীন দলের বিরুদ্ধে বিজয় নিশ্চিত করতে পূর্ব পাকিস্তানের ৪টি দল মিলে যুক্তফ্রন্ট দল গঠন করেন।
- যুক্তফ্রন্ট দল গঠিত হয় ৪ ডিসেম্বর, ১৯৫৩ সালে।
- যুক্তফ্রন্ট দল গঠিত হয় ৪টি দল নিয়ে।
- নির্বাচনে যুক্তফ্রন্টের প্রতীক ছিল **নৌকা**।
- নির্বাচনে যুক্তফ্রন্টের দাবি/দফা/কর্মসূচী ছিল ২১টি। প্রথম দফা ছিল 'বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষা করা'।

দলের নাম	নেতৃত্বে ছিলেন
আওয়ামী মুসলিম লীগ	মাওলানা ভাসানী
কৃষক শ্রমিক পার্টি	এ কে ফজলুল হক
নেজামে ইসলাম	মাওলানা আতাহার আলী
গণতন্ত্রী দল	হাজী দানেশ

- ১৯৫৪ সালের ১১ই মার্চ পূর্ব পাকিস্তান প্রাদেশিক নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে যুক্তফ্রন্ট মোট ৩০৯টি আসনের মধ্যে ২২৩ টি আসনে জয় লাভ করে।
- প্রাদেশিক নির্বাচনে যুক্তফ্রন্ট জয়লাভ করে মন্ত্রিসভা গঠন করে এবং পূর্ব পাকিস্তানের মুখ্যমন্ত্রী হয়েছিলেন শেরে বাংলা এ কে ফজলুল হক। যুক্তফ্রন্ট মন্ত্রিসভায় শেখ মুজিবুর রহমান "কৃষি, সমবায়, পল্লী উন্নয়ন মন্ত্রণালয়ে"র মন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন। যুক্তফ্রন্ট মন্ত্রিসভায় সর্বকনিষ্ঠ মন্ত্রী ছিল শেখ মুজিবুর রহমান।

ছয় দফা

- **ছয় দফা দাবি পেশ করেন:** শেখ মুজিবুর রহমান ✪ **সময়:** ৫ ফেব্রুয়ারি, ১৯৬৬ সালে ।
- **আনুষ্ঠানিকভাবে ঘোষণা করেন:** ২৩ মার্চ, ১৯৬৬ সালে।
- **স্থান:** পাকিস্তানের লাহোরে বিরোধী দলীয় সম্মেলনে।
- আওয়ামী লীগের কার্যনির্বাহী কমিটিতে ছয় দফা ২০ ফেব্রুয়ারি ১৯৬৬ সালে অনুমোতিত হয়।
- ঐতিহাসিক ছয় দফাকে বাঙালি জাতির 'মুক্তির সনদ' বা 'ম্যাগনাকার্টা' হিসাবে/নামে পরিচিত।

- অর্থনীতি বিষয়ক দফা/দাবি ছিল ৩টি।
- ছয় দফা 'লাহোর প্রস্তাব' এর ভিত্তিতে রচিত।
- ছয় দফা দিবস ৭ জুন।

ছয় দফা কর্মসূচির পুস্তিকার নাম
'ছয় দফা: আমাদের বাঁচার দাবি'

ঐতিহাসিক ৬টি দফা

১ম দফা :- শাসনতান্ত্রিক কাঠামো ও রাষ্ট্রের প্রকৃতি। (প্রাদেশিক স্বায়ত্তশাসন)
২য় দফা :- কেন্দ্রীয় সরকারের ক্ষমতা।
৩য় দফা :- মুদ্রা ও অর্থ বিষয়ক ক্ষমতা।
৪র্থ দফা :- রাজস্ব কর ও শুল্ক বিষয়ক ক্ষমতা।
৫ম দফা :- বৈদেশিক বাণিজ্য বিষয়ক ক্ষমতা।
৬ষ্ঠ দফা :- আঞ্চলিক সেনাবাহিনী গঠনের ক্ষমতা।

আগরতলা ষড়যন্ত্র মামলা

- আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করা হয় ৩ জানুয়ারি, ১৯৬৮ সালে।
- মামলাটির আনুষ্ঠানিক/দাপ্তরিক নাম: "রাষ্ট্র বনাম শেখ মুজিবুর রহমান ও অন্যান্য"।
- আইয়ুব খানের শাসন আমলে এ মামলা করা হয়।
- প্রথম বা প্রধান (১নং) আসামি ছিলেন শেখ মুজিবুর রহমান। ২নং আসামি- লে. কমান্ডার মোয়াজ্জেম হোসনে।
- ১৪ নং আসামী সুবেদার আব্দুর রাজ্জাক।
- শেখ মুজিবুর রহমান সহ মোট আসামি ছিলেন ৩৫ জন।
- শেখ মুজিবুর রহমান কে গ্রেফতার করা হয়- ১৮ জানুয়ারি, ১৯৬৮।
- আগরতলা ষড়যন্ত্র মামলায় শেখ মুজিবুর রহমানের পক্ষে প্রসিকিউটর ছিলেন স্যার উইলিয়াম থমাস।
- আগরতলা ষড়যন্ত্র মামলা প্রত্যাহার করা হয় ২২ ফেব্রুয়ারি ১৯৬৯ সালে।

> আগরতলা ষড়যন্ত্র মামলা শুরু হয় ঢাকা সেনানিবাস থেকে

গণঅভ্যুত্থান

- পূর্ব পাকিস্তানে গণঅভ্যুত্থান হয় ১৯৬৯ সালে।
- 'সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদ' এর ১১ দফার ভিত্তিতে গণঅভ্যুত্থানটি হয়েছিল।
- গণঅভ্যুত্থানে বাংলাদেশের প্রথম শহীদ আমনুল্লাহ মোহাম্মদ আসাদুজ্জামান।
- গণঅভ্যুত্থানে বাংলাদেশের প্রথম শহীদ বুদ্ধিজীবী ড. শামসুজ্জোহা।
- ১৯৬৯ সালের গণ-অভ্যুত্থানের স্মৃতি রক্ষার্থে ঢাকায় "আসাদ গেট" নির্মিত হয়।
- ৬৯-এর পটভূমিতে রচিত উপন্যাস- চিলেকোঠার সেপাই (আখতারুজ্জামান ইলিয়াস)
- গণ-অভ্যুত্থান দিবস ২৪ জানুয়ারি।

সাধারণ নির্বাচন (১৯৭০)

- পাকিস্তানের জাতীয় পরিষদের নির্বাচন/ সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয় ৭ ডিসেম্বর, ১৯৭০ সালে।
- পূর্ব পাকিস্তানের প্রাদেশিক পরিষদের নির্বাচন হয় ১৭ ডিসেম্বর ১৯৭০ সালে।
- ১৯৭০ সালের জাতীয় পরিষদ/সাধারণ নির্বাচনের মোট আসন ছিল ৩১৩ টি। আওয়ামী লীগ আসন পায় ১৬৭ টি এবং বিজয়ী হয়।
- ১৯৭০ সালের পূর্ব পাকিস্তানের প্রাদেশিক পরিষদ নির্বাচনে মোট আসন ছিল ৩১০ টি। আওয়ামী লীগ আসন পায় (সাধারণ আসন ২৮৮ ও সংরক্ষিত মহিলা আসন ১০টি) ২৯৮ টি এবং বিজয়ী হয়।
- ১৯৭০ সালের নির্বাচনে প্রধান নির্বাচন কমিশনার ছিলেন বিচারপতি আব্দুস সাত্তার।
- বঙ্গবন্ধু ঢাকা-৮ আসন হতে নির্বাচন করেছিলেন

বিবিধ

- 'আওয়ামী মুসলিম লীগ' দলটি প্রতিষ্ঠিত হয় ২৩ জুন ১৯৪৯ সালে।
- 'আওয়ামী মুসলিম লীগ' হতে 'মুসলিম' শব্দটি বাদ দেওয়া হয় ১৯৫৫ সালে।
- পূর্ববঙ্গের নাম পূর্ব পাকিস্তান হয় ১৯৫৬ সালে।
- পূর্ব পাকিস্তানকে 'বাংলাদেশ' নামকরণ করেন শেখ মুজিবুর রহমান ৫ ডিসেম্বর, ১৯৬৯ সালে।
- কাগমারী সম্মেলন মাওলানা ভাসানীর নেতৃত্বে হয় ১৯৫৭ সালে টাঙ্গাইলের সন্তোষে।
- পাকিস্তানে প্রথম সামরিক শাসন জারি করেন ইস্কান্দার মির্জা ১৯৫৮ সালে।

মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ

স্বাধীনতার ইশতেহার

- স্বাধীনতার ইশতেহার ঘোষণা করা হয় পল্টন ময়দানে ৩ মার্চ, ১৯৭১ সালে ।
- স্বাধীনতার ইশতেহার পাঠ করেন শাহজাহান সিরাজ।
- ইশতেহারে- শেখ মুজিবুর রহমানকে 'স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশের সর্বাধিনায়ক' ঘোষণা করা হয়।
- এই দিনেই "আমার সোনার বাংলা....." গানটিকে জাতীয় সঙ্গীত হিসেবে স্বীকৃতি দেওয়া হয়।

৭ই মার্চের ভাষণ

- ১৯৭১ সালের ৭ই মার্চ-এ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রেসকোর্স ময়দানে (বর্তমানে সোহরাওয়ার্দী উদ্যান) এক বিশাল জনসভায় ঐতিহাসিক ভাষণ দেন যা ইতিহাসে ৭ই মার্চের ভাষণ নামে পরিচিত।
- ৭ই মার্চের ভাষণ মোট সময়: ২৩ মিনিট (রেকর্ড হয়েছে ১৮-১৯ মিনিট) **প্রচলিত- ১৮ মিনিট√**
- ৭ই মার্চের ভাষণের ৪টি দাবি/বিষয়বস্তু ছিল।
- ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণটি ৪২৭তম নথি বা দলিল হিসেবে ইউনেস্কো ৩০শে অক্টোবর, ২০১৭ সালে 'ওয়ার্ল্ড ডকুমেন্টারি হেরিটেজ' (বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য) হিসেব স্বীকৃতি দেয়।
- ৭ই মার্চের ভাষণের কারণেই নিউজ উইক ম্যাগাজিন ৫ এপ্রিল,১৯৭১ সালে শেখ মুজিবকে 'রাজনীতির কবি' বলেছেন।

মুক্তিযুদ্ধকালীন অপারেশন

- **অপারেশন সার্চলাইট**
  - পাকিস্তানের সেনারা ১৯৭১ সালের ২৫ মার্চ (বৃহস্পতিবার) রাতে তৎকালীন পূর্ব পাকিস্তানে (বর্তমান বাংলাদেশে) গণহত্যামূলক যে সশস্ত্র অভিযান চালিয়েছিল তা ইতিহাসে 'অপারেশন সার্চলাইট' নামে পরিচিত।
  - ২৫শে মার্চের সেই রাত্রিকে 'কালরাত্রি' বলা হয়।
  - 'অপারেশন সার্চলাইটের' পরিকল্পনাকারী ছিল রাও ফরমান আলী।
- **অপারেশন জ্যাকপট:** ১৯৭১ সালের ১৫ আগস্ট পাকিস্তানী নৌ-শক্তিকে ধ্বংস/বঙ্গোপসাগরকে শত্রুমুক্ত করার জন্য নৌ-কমান্ডো দ্বারা পরিচালিত অভিযান ইতিহাসে 'অপারেশন জ্যাকপট' নামে পরিচিত।
- **অপারেশন ক্লোজডোর:** মুক্তিযুদ্ধ পরবর্তীকালে সারাদেশে মানুষের কাছ থেকে অস্ত্র উদ্ধারে জন্য যে অভিযান পরিচালিত হয় তা অপারেশন ক্লোজডোর নামে পরিচিত।

স্বাধীনতা ঘোষণা

- বাংলাদেশ স্বাধীনতার ঘোষণা ও কার্যকর করা হয় ২৬ মার্চ, ১৯৭১ সালে।
- স্বাধীনতার ঘোষণা বঙ্গবন্ধু জারি করেন ওয়্যারলেসের মাধ্যমে। ঘোষাণাটি ছিল ইংরেজিতে।
- ২৬ শে মার্চ তারিখে মেজর জিয়াউর রহমান চট্টগ্রামের কালুরঘাট বেতার কেন্দ্র থেকে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন। জিয়াউর রহমান ২৭ শে মার্চ তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পক্ষে আবারও স্বাধীনতার ঘোষণা দেন। (তথ্যসূত্র: বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা: ৯ম-১০ম শ্রেণির পাঠ্যবই)
- আনুষ্ঠানিকভাবে স্বাধীনতার ঘোষণা পত্র জারি ও গৃহীত হয় ১০ এপ্রিল, ১৯৭১।
- জারিকৃত ঘোষণাপত্রটি পাঠ ও স্বাক্ষর করেন অধ্যাপক ইউসুফ আলী ১৭ এপ্রিল, ১৯৭১ সালে।
- স্বাধীনতার ঘোষণাপত্রটি রচনা করেন ব্যারিস্টার এম আমীর উল ইসলাম।
- ★ পৃথিবীর ইতিহাসে দুটি দেশ স্বাধীনতার ঘোষণাপত্র রচনা করেন- ১) যুক্তরাষ্ট্র, ২) বাংলাদেশ

মুজিবনগর সরকার

- ❖ 'মুজিবনগর সরকার'/ 'প্রবাসী সরকার'/'অস্থায়ী বিপ্লবী সরকার' মেহেরপুর জেলার বৈদ্যনাথ তলার আম্রকাননে (বর্তমান মুজিবনগর) গঠিত হয় ১০ এপ্রিল, ১৯৭১ সালে। এ দিনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ আনুষ্ঠানিক আত্মপ্রকাশ করে। মুজিবনগর সরকারের মেয়াদ শেষ হয় ১২ জানুয়ারি ১৯৭২।
- ❖ মুজিবনগর সরকারের মন্ত্রণালয় ছিল ১২ টি। মুজিবনগর সরকারের সদস্য সংখ্যা ছিল ৬ জন।
- ❖ মুজিবনগর সরকারের অস্থায়ী সচিবালয় ছিল: ৮ নং থিয়েটার রোড, কলকাতা।
- ❖ বাংলাদেশের প্রথম মন্ত্রিসভা গঠিত হয় ১০ এপ্রিল ১৯৭১ সালে।
- ❖ মুজিবনগর সরকার শপথ গ্রহণ করেন ১৭ এপ্রিল, ১৯৭১ সালে। শপথ অনুষ্ঠান পরিচালনা করেন- আবদুল মান্নান। অস্থায়ী সরকারের শপথ বাক্য পাঠ করান অধ্যাপক ইউসুফ আলী।
- ❖ মুজিবনগর সরকারের রাষ্ট্রপতিকে গার্ড অব অনার প্রদান করে পুলিশ ও আনসার।
- ❖ মুজিবনগর সরকারকে গার্ড অফ অনার নেতৃত্ব দেন মাহবুব উদ্দিন আহমেদ।
- ❖ বাংলাদেশকে প্রজাতন্ত্র ঘোষণা করা হয় ১৭ এপ্রিল, ১৯৭১ সালে।
- ❖ মুজিবনগর দিবস পালিত হয়- ১৭ এপ্রিল।
- ❖ মুজিবনগর সরকার কর্তৃক প্রকাশিত সাপ্তাহিক পত্রিকার নাম 'জয় বাংলা'।

মুজিবনগর সরকারের দপ্তর

নাম (৬ জন)	পদবি	মন্ত্রণালয় (১২টি)
শেখ মুজিবুর রহমান	রাষ্ট্রপতি	অনুপস্থিত
সৈয়দ নজরুল ইসলাম	উপরাষ্ট্রপতি	অস্থায়ী রাষ্ট্রপতির দায়িত্ব
তাজউদ্দীন আহমদ	প্রধানমন্ত্রী	প্রতিরক্ষা, তথ্য প্রচার এবং টেলিযোগাযোগ, অর্থনৈতিক বিষয়, পরিকল্পনা এবং উন্নয়ন, শিক্ষা, স্থানীয় স্বায়ত্বশাসন সরকার, স্বাস্থ্য, শ্রম এবং সমাজকল্যাণ, সংস্থাপন এবং প্রশাসন
ক্যাপ্টেন এম মনসুর আলী	মন্ত্রী	অর্থ, বাণিজ্য এবং শিল্প
খন্দকার মোশতাক আহমেদ	মন্ত্রী	পররাষ্ট্র, আইন এবং সংসদ বিষয়ক
এ এইচ এম কামরুজ্জামান	মন্ত্রী	স্বরাষ্ট্র, সরবরাহ, ত্রাণ এবং পুনর্বাসন, কৃষি

মুক্তিযুদ্ধের রণকৌশল

- ➢ মুক্তিযুদ্ধের সর্বাধিনায়ক ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। উপ-সর্বাধিনায়ক ছিলেন এ কে খন্দকার।
- ➢ প্রধান সেনাপতি ছিলেন কর্নেল এম এ জি ওসমানী। (ওসমানীর বাড়ি সিলেট জেলায়)
- ➢ মুক্তিবাহিনীর চীফ অফ স্টাফ ছিলেন লে কর্নেল আব্দুর রব।
- ➢ ১১ই জুলাই, ১৯৭১ সালে বাংলাদেশ মুক্তিবাহিনী গঠিত হয়।
- ➢ ইস্ট বেঙ্গল রেজিমেন্ট মুক্তিযুদ্ধে প্রথম সশস্ত্র প্রতিরোধ করে ১৯ মার্চ, ১৯৭১ গাজীপুরে।
- ➢ তাজউদ্দীন আহমদ এর নির্দেশে আতাউর গণি ওসমানী ১৯৭১ সালের ১১ জুলাই বাংলাদেশকে ১১ টি সেক্টর ও ৬৪ টি সাব-সেক্টরে ভাগ করেন। মোট সেক্টর কমান্ডার ১৬ জন ছিল।

সেক্টর সমূহ

সেক্টর	এলাকা	সেক্টর কমান্ডার
১নং	চট্টগ্রাম, কক্সবাজার	মেজর জিয়াউর রহমান মেজর রফিকুল ইসলাম
২নং	নোয়াখালী, কুমিল্লা, ঢাকা ও ফরিদপুর জেলা	মেজর কে এম খালেদ মোশারফ মেজর এটিএম হায়দার
৩নং	হবিগঞ্জ, কিশোরগঞ্জ	মেজর কে এম শফিউল্লাহ মেজর এ এন এম নুরুজ্জামান
৪নং	সিলেট	মেজর সি আর দত্ত
৫নং	সিলেটের পশ্চিম এলাকা এবং ময়মনসিংহের সীমান্তবর্তী অঞ্চল	মেজর মীর শওকত আলী
৬নং	রংপুর, দিনাজপুর	উইং কমান্ডার এম কে বাশার
৭নং	রাজশাহী, পাবনা, বগুড়া	মেজর নাজমুল হক মেজর কাজী নুরুজ্জামান
৮নং	কুষ্টিয়া (মুজিবনগর), যশোর, ফরিদপুর, খুলনার অংশ বিশেষ	মেজর আবু ওসমান চৌধুরী মেজর এম এ মঞ্জুর
৯নং	বরিশাল, পটুয়াখালী, খুলনা	মেজর এম আব্দুল জলিল
১০নং	সমুদ্র উপকূলীয় অঞ্চল ও অভ্যন্তরীণ নৌপথ	নেই
১১নং	ময়মনসিংহ, টাঙ্গাইল	মেজর এম আবু তাহের স্কোয়াড্রন লিডার এম হামিদুল্লাহ

- ১১টি সেক্টরে মোট সেক্টর কমান্ডার ছিল ১৬ জন।
- ১০নং সেক্টর হচ্ছে ব্যতিক্রম সেক্টর যেখানে কোন নিয়মিত কোন সেক্টর কমান্ডার ছিল না।
- মুক্তিযুদ্ধকালীন ব্রিগেড ফোর্সের সংখ্যা ৩টি। জেড ফোর্স, কে ফোর্স, এস ফোর্স।
- জে ফোর্স এর প্রধান ছিলেন মেজর জিয়াউর রহমান, কে ফোর্সের প্রধান ছিলেন মেজর খালেদ মোশাররফ এবং এস ফোর্সের প্রধান ছিলেন মেজর কে এম সফিউল্লাহ।
- বাংলাদেশ ও ভারত সরকার যৌথ কমান্ড/মিত্রবাহিনী গঠন করে ২১ নভেম্বর ১৯৭১।
- মিত্রবাহিনীর প্রধান ছিলেন জেনারেল জগজিৎ সিং অরোরা।
- যৌথ বাহিনী ৬ ডিসেম্বর ১৯৭১ তারিখে পাকিস্তানের বিরুদ্ধে লড়াই শুরু করেন।
- দেশের প্রথম শত্রুমুক্ত জেলা যশোর (৬ ডিসেম্বর ১৯৭১)।
- সর্বশেষ শত্রুমুক্ত জেলা- রাজবাড়ী (১৮ ডিসেম্বর ১৯৭১)। # বহুনির্বাচনী প্রশ্নে রাজবাড়ী না থাকলে মিরপুর, ঢাকা হবে।
- পাকিস্তান হানাদার বাহিনী বাঙালি বুদ্ধিজীবীদের ১৪ ডিসেম্বর, ১৯৭১ সালে হত্যা করেন।
- বাংলাদেশ-ভারত মিত্র বাহিনীর কাছে পাকিস্তান সেনাবাহিনী রেসকোর্স ময়দানে (বর্তমান সোহরাওয়ার্দী উদ্যান) ১৬ ডিসেম্বর ১৯৭১ আত্মসমর্পণ করেন। এবং বাংলাদেশ চূড়ান্ত বিজয় অর্জন করেন।
- মুক্তিযুদ্ধের সময় সর্বপ্রথম আত্মসমর্পণ করেন 'জেনারেল জামশেদ'।
- আত্মসমর্পণ অনুষ্ঠানে পাকিস্তানের পক্ষে স্বাক্ষর করেন লে. জেনারেল আমির আবদুল্লাহ খান নিয়াজী।
- আত্মসমর্পণ অনুষ্ঠানে যৌথ বাহিনীর পক্ষে স্বাক্ষর করেন লে. জে. জগজিৎ সিং অরোরা।
- আত্মসমর্পণ অনুষ্ঠানে বাংলাদেশের পক্ষে প্রতিনিধিত্ব করেন গ্রুপ ক্যাপ্টেন এ. কে খন্দকার।

মুক্তিবাহিনীর প্রথম সামরিক ব্রিগেড 'জে ফোর্স' গঠন হয় ০৭ জুলাই ১৯৭১ যার সদর দপ্তর ছিল তেলদাহ।

অবদান ও খেতাব

- ব্রিটিশ সাংবাদিক সাইমন ড্রিং মুক্তিযুদ্ধের সময় "The Daily Telegraph" পত্রিকায় পূর্ব পাকিস্তানের বর্বরতার খবর সর্বপ্রথম বহির্বিশ্বে প্রকাশ করেন।
- যুদ্ধকালীন সময়ে বাংলাদেশের শরণার্থীদের সাহায্যের উদ্দেশ্যে 'Concert for Bangladesh' সঙ্গীতানুষ্ঠান জর্জ হ্যারিসন ১ আগস্ট, ১৯৭১ তারিখে ম্যাডিসন স্কয়ার, নিউইয়র্কে আয়োজন করেন। তিনি যুক্তরাজ্যের নাগরিক।
- মুক্তিযুদ্ধে মৃত্যুবরণ করা ইতালীয় নাগরিক মাদার মারিও ভেরেনজি।
- মুক্তিযুদ্ধে সময় শরণার্থী শিবির ঘুরে যে অভিজ্ঞতা অর্জন করে তা নিয়ে কবিতা লিখেন "সেপ্টেম্বর অন যশোর রোড" (September on Jessore Road) অ্যালেন গিন্সবার্গ (মার্কিন কবি) ।
- ১৫ ডিসেম্বর, ১৯৭৩ সালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মুক্তিযোদ্ধাদের ৪টি খেতাবে বিভক্ত করেন।

মুক্তিযুদ্ধে অবদানের জন্য খেতাব

মর্যাদার ক্রম	উপাধি	১৯৭৩ সালের গেজেট	বর্তমান সংখ্যা (৬ জুন, ২০২১)
প্রথম (সর্বোচ্চ পদ)	বীরশ্রেষ্ঠ	৭ জন	৭ জন
দ্বিতীয় (উচ্চ পদ)	বীরউত্তম	৬৮ জন	৬৭ জন
তৃতীয় (প্রশংসনীয় পদ)	বীরবিক্রম	১৭৫ জন	১৭৪ জন
চতুর্থ (বীরত্বসূচক প্রশংসাপত্র)	বীরপ্রতীক	৪২৬ জন	৪২৪ জন
	মোট	৬৭৬ জন	৬৭২ জন

- ১৯৭৫ সালের আগস্টে বঙ্গবন্ধুকে বাঁচানোর চেষ্টার জন্য ব্রিগেডিয়ার জেনারেল জামিল আহমেদ কে ২০১০ সালে **মরণোত্তর বীরউত্তম পদক** প্রদান করা হয় অর্থাৎ মোট বীরউত্তম খেতাবপ্রাপ্ত ৬৮ জন।
- ৬ জুন, ২০২১ তারিখে খুনী মৃত্যুদন্ডপ্রাপ্ত ৪ জনের খেতাব বাতিল করেন।

✪ বীরশ্রেষ্ঠ ৭ জন ✪

নাম ও পদবি	কর্মস্থল	তথ্যকণিকা
ল্যান্স নায়েক মুন্সী আবদুর রউফ	ই.পি আর	▪ বীরশ্রেষ্ঠদের মধ্যে প্রথম শহীদ হন। (১নং সেক্টর কর্মরত)
সিপাহী মোস্তফা কামাল	সেনাবাহিনী	▪ (২নং সেক্টর কর্মরত)
ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান	বিমানবাহিনী	▪ মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানে কর্মরত ছিলেন। ▪ তার দেহাবশেষ ২০০৬ সালে পাকিস্তান হতে আনা হয়। ▪ মিরপুর বুদ্ধিজীবী কবরস্থানে পুনরায় সমাহিত করা হয়।
ল্যান্স নায়েক নূর মোহাম্মদ শেখ	ই.পি আর	▪ (৮নং সেক্টর কর্মরত)
সিপাহী হামিদুর রহমান	সেনাবাহিনী	▪ বীরশ্রেষ্ঠদের মধ্যে কনিষ্ঠ। (৪নং সেক্টর কর্মরত) ▪ তার দেহাবশেষ ২০০৭ সালে ভারত থেকে আনা হয়। ▪ মিরপুর বুদ্ধিজীবী কবরস্থানে পুনরায় সমাহিত করা হয়।
স্কোয়াড্রন ইঞ্জিনিয়ার রহুল আমিন	নৌবাহিনী	▪ (২নং ও ১০নং সেক্টর কর্মরত)
ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর	সেনাবাহিনী	▪ বীরশ্রেষ্ঠদের মধ্যে সবশেষ শহীদ। (৭নং সেক্টর কর্মরত) ▪ চাঁপাইনবাবগঞ্জের সোনা মসজিদ প্রাঙ্গণে তার সমাধি।

- বীরত্বসূচক 'বীরপ্রতীক' খেতাব প্রাপ্ত দুই জন নারী যথাক্রমে; ক্যাপ্টেন সেতারা বেগম (২নং সেক্টর), তারামন বিবি (১১ নং সেক্টর)। ✪ ১ম নারী বীর প্রতীক খেতাব পান- ক্যাপ্টেন সেতারা বেগম
- মুক্তিবেটি নামে পরিচিত কাকন বিবি (খাসিয়া সম্প্রদায়)।
- বীর উত্তম ১ম খেতাবপ্রাপ্ত: মেজর জেনারেল আব্দুর রব এবং ৩য়- জিয়াউর রহমান

- ❖ বীরপ্রতীক খেতাবপ্রাপ্ত সর্বকনিষ্ঠ মুক্তিযোদ্ধা শহীদুল ইসলাম লালু (১১ নং সেক্টর)।
- ❖ দেশের একমাত্র উপজাতি বীর বিক্রম খেতাব প্রাপ্ত হচ্ছেন ইউ কে চীং মারমা।
- ❖ একমাত্র বিদেশি নাগরিক বীর প্রতীক খেতাবপ্রাপ্ত হচ্ছেন উব্লিউ এস ওডারল্যান্ড (নেদারল্যান্ড)।
- ❖ 'শহিদ জননী' নামে পরিচিত- জাহানারা ইমাম ।

মুক্তিযুদ্ধকালীন বিভিন্ন দেশ/সংস্থার পদকর্তা

দেশ/সংস্থা	পদ	পদকর্তা
জাতিসংঘ	মহাসচিব	উ থান্ট
ভারত	প্রধানমন্ত্রী	ইন্দিরা গান্ধী
	রাষ্ট্রপতি	ভি ভি গিরি
যুক্তরাষ্ট্র	রাষ্ট্রপতি	রিচার্ড নিক্সন
যুক্তরাজ্য	প্রধানমন্ত্রী	এডওয়ার্থ হিথ
সোভিয়েত ইউনিয়ন	রাষ্ট্রপতি	নিকোলাই পোদগর্নি
চীন	প্রধানমন্ত্রী	চৌ এন লাই
পাকিস্তান	রাষ্ট্রপতি	ইয়াহিয়া খান
	প্রধানমন্ত্রী	নুরুল আমিন
ঢাকা বিশ্ববিদ্যালয়	উপাচার্য	বিচারপতি আবু সাঈদ

বিবিধ

- ৬ ১৯৮০ সালে '২৬ মার্চ' কে স্বাধীনতা দিবস হিসেবে পালিত হবার ঘোষণা দেওয়া হয়।
- ৬ বীরাঙ্গনাদের ২০১৫ সালে মুক্তিযোদ্ধা হিসেবে স্বীকৃতি প্রদান করা হয়।
- ৬ আ. স. ম আবদুর রব স্বাধীন বাংলাদেশের প্রথম পতাকা উত্তোলন করেন ২ মার্চ ১৯৭১ সালে।
- ৬ স্বাধীনতার প্রথম ডাকটিকেটে ছবি ছিল 'শহীদ মিনার'।
- ৬ **ক্র্যাক প্লাটুন:** বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধকালীন একদল তরুণ মুক্তিযোদ্ধাদের নিয়ে গঠিত একটি গেরিলা দল হচ্ছে ক্র্যাক প্লাটুন। (২নং সেক্টরের অধীন ছিল)

বাংলাদেশ স্বাধীনতার স্বীকৃতি

স্বীকৃতিদানকারী	দেশ	সময়
প্রথম দেশ	ভুটান	৬ ডিসেম্বর, ১৯৭১
দ্বিতীয় দেশ	ভারত	৬ ডিসেম্বর, ১৯৭১
প্রথম আরব দেশ/ মধ্যপ্রাচ্যের দেশ	ইরাক	৮ জুলাই, ১৯৭২
প্রথম অনারব মুসলিম দেশ/ আফ্রিকান দেশ	সেনেগাল	১ ফেব্রুয়ারি, ১৯৭২
প্রথম ইউরোপীয় দেশ/ সমাজতান্ত্রিক দেশ	পূর্ব জার্মানি	১১ জানুয়ারি, ১৯৭২
	যুক্তরাষ্ট্র	৪ এপ্রিল, ১৯৭২
	যুক্তরাজ্য	৪ ফেব্রুয়ারি, ১৯৭২
	চীন	৩১ আগস্ট, ১৯৭৫

বাংলাদেশের আন্তর্জাতিক সংস্থার সদস্যপদ

সংস্থার নাম	সদস্যভুক্তির তারিখ
কমনওয়েলথ (৩২তম সদস্য) [প্রথম কোন আন্তর্জাতিক সংস্থার সদস্য]	১৮ এপ্রিল, ১৯৭২
বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO)	১৭ মে, ১৯৭২
আন্তর্জাতিক অর্থ তহবিল (IMF) ও বিশ্ব ব্যাংক (WB)	১৭ আগস্ট, ১৯৭২
ওআইসি'র (OIC) (৩২তম সদস্য) [ওআইসি'র ২য় সম্মেলনে]	২৩ ফেব্রুয়ারি, ১৯৭৪
জাতিসংঘ (১৩৬তম সদস্য) [জাতিসংঘের ২৯তম অধিবেশনে]	১৭ সেপ্টেম্বর, ১৯৭৪
ফিফা	১৯৭৬
আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল (ICC)	১৯৭৯
আন্তর্জাতিক অলিম্পিক কমিটি	১৯৮০
বিশ্ব বাণিজ্য সংস্থার (WTO)	১ জানুয়ারি, ১৯৯৫

ঐতিহাসিক দিনের তারিখ ও বার

প্রেক্ষাপট	ইংরেজি তারিখ ও সাল	বাংলা তারিখ ও সাল	বার
অমর একুশে ফেব্রুয়ারি	২১ ফেব্রুয়ারি ১৯৫২	৮ ফাল্গুন ১৩৫৮	বৃহস্পতিবার
আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের	৩ জানুয়ারি ১৯৬৮	১৯ পৌষ ১৩৭৪	বুধবার
আগরতলা ষড়যন্ত্র মামলা প্রত্যাহার	২২ ফেব্রুয়ারি ১৯৬৯	৯ ফাল্গুন ১৩৭৫	শনিবার
৭ই মার্চের ভাষণ	৭ মার্চ ১৯৭১	২২ ফাল্গুন ১৩৭৭	বরিবার
অপারেশন সার্চ লাইট	২৫ মার্চ ১৯৭১	১১ চৈত্র ১৩৭৭	বৃহস্পতিবার
স্বাধীনতা ঘোষণা	২৬ মার্চ ১৯৭১	১২ চৈত্র ১৩৭৭	শুক্রবার
মুজিবনগর সরকার গঠন	১০ এপ্রিল ১৯৭১	২৭ চৈত্র ১৩৭৭	শনিবার
মুজিবনগর সরকারের শপথ গ্রহণ	১৭ এপ্রিল ১৯৭১	৪ বৈশাখ ১৩৭৮	শনিবার
বুদ্ধিজীবী হত্যা	১৪ ডিসেম্বর ১৯৭১	২৯ অগ্রহায়ণ ১৩৭৮	মঙ্গলবার
স্বাধীনতা লাভ	১৬ ডিসেম্বর ১৯৭১	১ পৌষ ১৩৭৮	বৃহস্পতিবার
বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন	১০ জানুয়ারি ১৯৭২	২৬ পৌষ ১৩৭৮	সোমবার

আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশ

- বাংলাদেশে সর্বপ্রথম সফরকারী বিদেশী সরকার হচ্ছে ইন্দ্রিরা গান্ধী।
- ইউনেস্কো তাদের ৩০তম সম্মেলনে ১৭ নভেম্বর ১৯৯৯ সালে '২১ ফেব্রুয়ারি' কে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি দেয়।
- ২০০০ সাল হতে আন্তর্জাতিকভাবে এই দিবস পালন করা হয়ে থাকে।
- জাতিসংঘ ২০০৮ সালে '২১ ফেব্রুয়ারি' কে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি দেয়।
- বাংলাকে দ্বিতীয় রাষ্ট্রভাষার মর্যাদা দিয়েছে আফ্রিকান দেশ সিয়েরা লিওন।
- বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ ইউনেস্কো ৩০ অক্টোবর ২০১৭ সালে 'বিশ্ব প্রামাণ্য দলিল' হিসেবে স্বীকৃতি দেয়।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ২৫ সেপ্টেম্বর ১৯৭৪ সালে জাতিসংঘের সাধারণ পরিষদের ২৯তম অধিবেশনে প্রথম বাংলায় ভাষণ দেন।
- জাতিসংঘের সাধারণ পরিষদে প্রথম বাংলাদেশি সভাপতি- হুমায়ুন রশীদ চৌধুরী
- বাংলাদেশ ১৯৮৮ সাল হতে বিশ্ব শান্তিরক্ষা মিশনে কাজ করছে। শান্তিরক্ষা মিশনে বাংলাদেশ প্রথম।
- গুমবিরোধী আন্তর্জাতিক সনদে ৭৬ তম দেশ হিসেবে বাংলাদেশ স্বাক্ষর করে ২৯ আগস্ট, ২০২৪।
- মুসা ইব্রাহিম প্রথম বাংলাদেশি হিসেবে এভারেস্ট জয় করেন ২০১০ সালে।
- প্রথম বাংলাদেশী নারী নিশাদ মজুমদার এভারেস্ট জয় করেন ২০১২ সালে।

ঢাকা, বাংলাদেশ সদর দপ্তর

- বিমসটেক (BIMSTEC) এর সদর দপ্তর- গুলশান, ঢাকা।
- (CIRDAP) এর সদর দপ্তর- ঢাকা।
- আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট এর সদর দপ্তর- সেগুনবাগিচা, ঢাকা।
- সার্ক কৃষি কেন্দ্র (SAC) এর সদর দপ্তর- ফার্মগেট, ঢাকা।
- সার্ক আবহাওয়া গবেষণা কেন্দ্র এর সদর দপ্তর- আগারগাঁও, ঢাকা।
- আন্তর্জাতিক উদরাময় রোগ গবেষণা কেন্দ্র (icddr,b) এর সদর দপ্তর- মহাখালী, ঢাকা।

সংবিধান, জাতীয় সংসদ ও সরকার ব্যবস্থা

গণপরিষদ ও সংবিধান

- গণ পরিষদের প্রথম অধিবেশন বসে ১০ এপ্রিল ১৯৭২।
- গণ পরিষদের প্রথম স্পীকার শাহ আব্দুল হামিদ।
- ১ম অধিবেশনে সভাপতি ছিলেন- আবদুর রশীদ তর্কবাগীশ ।
- গণপরিষদের নেতা ছিলেন শেখ মুজিবুর রহমান।

দেশের সর্বোচ্চ আইন/ মৌলিক দলিল-সংবিধান

- একমাত্র নারী সদস্য ছিলেন বেগম রাজিয়া বানু।
- সংবিধান রচনা কমিটির সদস্য সংখ্যা ছিল ৩৪ জন।
- বাংলাদেশের সাংবিধানিক নাম: গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ (People's Republic of Bangladesh)
- বাংলাদেশের সংবিধানের ভাষা দুটি; বাংলা ও ইংরেজি
- বাংলাদেশ সংবিধানের রূপকার/স্থপতি হলেন ড. কামাল হোসেন।
- বাংলাদেশ সংবিধান হাতে লেখার দায়িত্ব এ. কে এম. আব্দুর রউফ ওপর ন্যস্ত ছিল।

সংবিধান উত্থাপন করেন (ড. কামাল হোসেন)	১২ অক্টোবর ১৯৭২
সংবিধান গৃহীত হয়	৪ নভেম্বর ১৯৭২
বঙ্গবন্ধু স্বাক্ষর করেন	১৪ ডিসেম্বর ১৯৭২
সংবিধান কার্যকর হয়	১৬ ডিসেম্বর ১৯৭২

বাংলাদেশ সংবিধানের অধ্যায়, অনুচ্ছেদ, মূলনীতি, তফসিল ও সংশোধনীর সংখ্যা

অধ্যায়/ভাগ	অনুচ্ছেদ	মূলনীতি	তফসিল	সংশোধনী
১১টি	১৫৩টি	৪টি	৭টি	১৭ বার

- **মূলনীতিসমূহ**
  - ☐ জাতীয়তাবাদ
  - ☐ সমাজতন্ত্র
  - ☐ গণতন্ত্র
  - ☐ ধর্মনিরপেক্ষতা

◈ ৭ম তফসিল: ১৯৭১ সালের ১০ এপ্রিল তারিখে মুজিবনগর সরকারের জারিকৃত স্বাধীনতার ঘোষণাপত্র

- **গুরুত্বপূর্ণ সংশোধনী**
  - **প্রথম সংশোধনী:** যুদ্ধাপরাধীসহ অন্যান্য গণবিরোধীদের বিচার নিশ্চিত করা।
  - **দ্বাদশ সংশোধনী:** রাষ্ট্রপতি শাসিত সরকারের পরিবর্তে সংসদীয় শাসন ব্যবস্থা প্রবর্তন।
  - **পঞ্চদশ সংশোধনী:** তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বিলুপ্তকরণ।
  - **সপ্তদম সংশোধনী:** সংরক্ষিত ৫০টি নারী আসন ২৫ বছরের জন্য বৃদ্ধি করা (২০৪৪ সাল পর্যন্ত)

✪ হাইকোর্ট পঞ্চদশ সংশোধনীর আংশিক অবৈধ ঘোষণা করেন ১৭ ডিসেম্বর, ২০২৪।

গুরুত্বপূর্ণ ফলাফল: দলীয় সরকারের অধীনে সংসদ নির্বাচন বাতিল, নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচন।

✪ ত্রয়োদশ সংবিধান সংশোধনের (১৯৯৬ সালে) মাধ্যমে নিরপেক্ষে-নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা প্রবর্তন করা হয়েছিল । উচ্চ আদালত তা ২০১১ সালে বাতিল করেছিল।

Forma 2/A

গুরুত্বপূর্ণ সংবিধানের অনুচ্ছেদ

অধ্যায় (অনুচ্ছেদ ক্রম)	অনুচ্ছেদ	বিষয়বস্তু
১ম অধ্যায়: প্রজাতন্ত্র (১-৭)	২(ক) নং	রাষ্ট্রধর্ম ইসলাম ও অন্যান্য ধর্মের সমানাধিকার
	৩ নং	প্রজাতন্ত্রের রাষ্ট্রভাষা বাংলা
	৪ নং	জাতীয় সঙ্গীত, পতাকা ও প্রতীক
	৪ (ক) নং	জাতির পিতার প্রতিকৃতি
	৫ নং	প্রজাতন্ত্রের রাজধানী ঢাকা
	৬ নং	নাগরিকত্ব (জাতি হিসেবে বাঙালী, নাগরিক হিসেব বাংলাদেশী)
২য় অধ্যায়: রাষ্ট্রপরিচালনার মূলনীতি (৮-২৫)	৮ নং	মূলনীতিসমূহ
	১২ নং	ধর্ম নিরপেক্ষতা ও ধর্মীয় স্বাধীনতা
	১৮ (ক) নং	পরিবেশ ও জীববৈচিত্র্য সংরক্ষণ ও উন্নয়ন
	২২ নং	বিচার বিভাগ পৃথকীকরণ
৩য় অধ্যায়: মৌলিক অধিকার (২৬-৪৭)	২৭ নং	সকল নাগরিক আইনের সমান আশ্রয়লাভের অধিকারী
	২৮ (২) নং	নারী পুরুষের সমান অধিকার
	৩৯ (১) নং	চিন্তা ও বিবেকের স্বাধীনতা ও বাক্-স্বাধীনতা
৪র্থ অধ্যায়: নির্বাহী বিভাগ (৪৮-৬৪)	৪৮ নং	রাষ্ট্রপতির যোগ্যতা; প্রধান বিচারপতি নিয়োগ
	৫৫ নং	মন্ত্রিসভা গঠন (প্রধানমন্ত্রীর নেতৃত্বে মন্ত্রিসভা)
	৬৪ নং	অ্যাটর্নি জেনারেল
৫ম অধ্যায়: আইনসভা (৬৫-৯৩)	৬৫ নং	জাতীয় সংসদ
	৬৬ নং	সংসদ সদস্য হইবার যোগ্যতা-অযোগ্যতা
	৭০ নং	কোন রাজনৈতিক দলের প্রার্থী মনোনীত হয়ে পদত্যাগ বা বিপক্ষে ভোটদান (Floor Crossing)
	৭৫ নং	কাস্টিং ভোট, কোরাম
	৭৭ নং	ন্যায়পাল (Ombudsman)
৬ষ্ঠ অধ্যায়: বিচার বিভাগ (৯৪-১১৭)	৯৪ নং	সুপ্রীম কোর্ট প্রতিষ্ঠা
	৯৫ নং	প্রধান বিচারপ্রতি ও অন্যান্য বিচারপতি নিয়োগ
	১০৮ নং	'কোর্ট অব রেকর্ড' রূপে সুপ্রীম কোর্ট
	১১৭ নং	প্রশাসনিক ট্রাইবুনালসমূহ
৭ম অধ্যায়: নির্বাচন (১১৮-১২৬)	১১৮ নং	নির্বাচন কমিশন গঠন/প্রতিষ্ঠা
৮ম অধ্যায়: মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক (১২৭-১৩২)		
৯ম অধ্যায়: বাংলাদেশের কর্মবিভাগ (১৩৩-১৪১)	১৩৭ নং	বাংলাদেশ সরকারী কর্ম কমিশন গঠন
	১৪১ (ক) নং	রাষ্ট্রপতির জরুরি অবস্থা ঘোষণা
১০ম অধ্যায়: সংবিধান সংশোধন (১৪২)	১৪২ নং	সংবিধান সংশোধন
১১তম অধ্যায়: বিবিধ (১৪৩-১৫৩)	১৪৫ (ক) নং	আন্তর্জাতিক চুক্তি

★ বাংলাদেশ সংবিধান অনুসারে নাগরিকের মৌলিক অধিকার ১৮টি।

★ সংবিধানে মৌলিক অধিকার সম্পর্কিত অনুচ্ছেদ আছে ২২টি।

জাতীয় সংসদ

- বাংলাদেশের জাতীয় সংসদের ইংরেজি নাম: House of the Nation
- দেশের সর্বোচ্চ আইন প্রণয়নকারী কর্তৃপক্ষ- আইন সভা।
- বাংলাদেশের আইনসভা এক কক্ষ বিশিষ্ট।
- জাতীয় সংসদের আসন মোট ৩৫০ টি। সংরক্ষিত নারী আসন ৫০ টি।
- বাংলাদেশের প্রথম জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয় ৭ মার্চ ১৯৭৩।
- জাতীয় সংসদের ১ নং আসন পঞ্চগড় জেলা এবং ৩০০ নং আসন বান্দরবান জেলা।
- জাতীয় সংসদ ভবন ২১৫ একর জমির উপর নির্মিত।
- জাতীয় সংসদ ভবনের স্থপতি লুই আই কান (যুক্তরাষ্ট্র)।
- জাতীয় সংসদের সভাপতি স্পীকার। সংসদ নেতা প্রধানমন্ত্রী।
- সংসদ অধিবেশন আহ্বান করেন রাষ্ট্রপতি। সংসদ অধিবেশন মূলতবী, স্থগিত ও সংসদ ভেঙ্গেও দিতে পারেন রাষ্ট্রপতি।
- মন্ত্রিপরিষদের সাপ্তাহিক বৈঠক বসে সোমবারে।
- সংসদে মন্ত্রিপরিষদের সদস্যদের উত্থাপিত বিলকে "সরকারি বিল" বলে।
- সংসদে মন্ত্রিপরিষদের সদস্য ছাড়া অন্য সংসদ সদস্য কর্তৃক উত্থাপিত বিলকে "বেসরকারি বিল" বলে।
- সংসদ সদস্য নন কিন্তু মন্ত্রিপরিষদের সদস্য এমন মন্ত্রীদের টেকনোক্র্যাট মন্ত্রী বলে।
- জাতীয় সংসদে কোরাম হয় ৬০ জন সংসদ সদস্যে।
- স্পীকারের ভোটকে কাস্টিং ভোট বলা হয়।
- যুগোশ্লোভিয়ার প্রেসিডেন্ট মার্শাল জোসেফ টিটো, ভারতের প্রেসিডেন্ট ভি.ভি. গিরি জাতীয় সংসদে ভাষণ দেন ১৯৭৪ সালে।
- তত্ত্বাবধায়ক সরকারের অধীন প্রথম পঞ্চম জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়।

✪ জাতীয় সংসদের প্রতীক শাপলা।

জাতীয় সংসদে সরকারি দলের মুখপাত্র হিসেবে কাজ করে চিফ হুইপ

বাংলাদেশ সরকার ব্যবস্থা

- বাংলাদেশে সরকারের বিভাগ ৩টি। যথা:- ক আইন বিভাগ খ শাসন বা নির্বাহী বিভাগ গ বিচার বিভাগ
- বাংলাদেশে সংসদীয় পদ্ধতির সরকার ব্যবস্থা বিদ্যমান।
- রাষ্ট্রের সর্বোচ্চ মর্যাদার অধিকারী রাষ্ট্রপতি এবং সরকার প্রধান প্রধানমন্ত্রী।
- বাংলাদেশের রাষ্ট্রীয় কার্যাদি পরিচালিত হয় রাষ্ট্রপতির নামে।
- বাংলাদেশে আইন প্রণয়ন করেন জাতীয় সংসদ।
- বাংলাদেশ সংবিধানের অভিভাবক ও ব্যাখ্যাকারক হচ্ছে সুপ্রীম কোর্ট।
- বিচার বিভাগ নির্বাহী বিভাগ হতে পৃথক হয় ১ নভেম্বর ২০০৭।
- বাংলাদেশের সর্বোচ্চ আদালত সুপ্রীম কোর্ট।
- সুপ্রীম কোর্টের বিভাগ দুইটি। যথা: ক হাই কোর্ট বিভাগ খ আপিল বিভাগ
- Amicus Curiae শব্দের অর্থ আদালতের বন্ধু।
- বাংলাদেশে তিন স্তরবিশিষ্ট স্থানীয় সরকার বিদ্যমান। ক জেলা পরিষদ খ উপজেলা পরিষদ গ ইউনিয়ন পরিষদ
- স্থানীয় সরকার ব্যবস্থায় সবচেয়ে নিচের স্তর হচ্ছে ইউনিয়ন পরিষদ।

সুপ্রীম কোর্ট কে বলা হয়- 'কোর্ট অব রেকর্ড'

প্রধান	
শাসন বা নির্বাহী বিভাগের প্রধান	প্রধানমন্ত্রী
বিচার বিভাগের প্রধান	প্রধান বিচারপতি
জনপ্রশাসন/ সচিবালয়ের প্রশাসনিক প্রধান	মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রণালয়ের নির্বাহী প্রধান	মন্ত্রী
মন্ত্রণালয়ের প্রশাসনিক প্রধান	সচিব
বিভাগের প্রধান	বিভাগীয় কমিশনার

শপথ গ্রহণ

যিনি শপথ পড়াবেন	যাদের শপথ পড়ান
রাষ্ট্রপতি	প্রধানমন্ত্রী ও মন্ত্রিপরিষদ, স্পীকার, ডেপুটি স্পীকার, প্রধান বিচারপতি
স্পীকার	রাষ্ট্রপতি, সংসদ সদস্য
প্রধান বিচারপতি	প্রধান নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনার, মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী কর্ম কমিশনের চেয়ারম্যান ও সদস্য, সুপ্রীম কোর্টের বিচারপতি
প্রধানমন্ত্রী	সিটি কর্পোরেশনের মেয়র, জেলা পরিষদের চেয়ারম্যান
বিভাগীয় কমিশনার	পৌর মেয়র ও কাউন্সিলর, উপজেলার চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান
জেলা প্রশাসক	ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান
ইউএনও	ইউনিয়ন পরিষদের সদস্য

- ✓ প্রধান বিচারপতিকে নিয়োগ দেন রাষ্ট্রপতি।
- ✓ বাংলাদেশ সরকারের প্রধান আইনজীবী/ আইনক পরামর্শকের পদ হচ্ছে 'অ্যাটর্নি জেনারেল'।

বিভিন্ন পদের মেয়াদ

পদ	মেয়াদ/অবসরের বয়স	ন্যূনতম বয়স হতে হয়
রাষ্ট্রপতি	৫ বছর (সর্বোচ্চ ২ বার)	৩৫ বছর
প্রধানমন্ত্রী, জাতীয় সংসদ সদস্য	৫ বছর	২৫ বছর
প্রধান বিচারপতি	বয়স ৬৭ বছর	
নির্বাচন কমিশন, মহাহিসাব নিরীক্ষক, পিএসসি সদস্য	৫ বছর/ বয়স ৬৫	নির্বাচন কমিশন- ৫০ বছর
বাংলাদেশ ব্যাংকের গভর্নর	৪ বছর	
বিশ্ববিদ্যালয়ের ভিসি	৪ বছর	
সরকারি কর্মকর্তা-কর্মচারী	বয়স ৫৯ বছর	
অ্যাটর্নি জেনারেল	নির্দিষ্ট কোন মেয়াদ নেই (রাষ্ট্রপতির উপর নির্ভর করে)	

বাংলাদেশে ভোটাধিকার প্রাপ্তির ন্যূনতম বয়স ১৮ বছর।

বাংলাদেশ ব্যাংকের গভর্নরের সর্বোচ্চ বয়সসীমা/অবসরে যাওয়ার বয়স ৬৭ বছর ছিল। এই বিধানটি বাতিল করা হয়েছে।

রাষ্ট্রপতির পদ শূন্য হলে রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন স্পিকার।

সাংবিধানিক সংগঠন ও পদ

সাংবিধানিক সংস্থা	সাংবিধানিক পদ	সংবিধিবদ্ধ পদ
১. নির্বাহী বিভাগ ২. আইন সভা ৩. বিচার বিভাগ ৪. নির্বাচন কমিশন ৫. মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক এর কার্যালয় ৬. সরকারি কর্ম কমিশন	১. রাষ্ট্রপতি ২. প্রধানমন্ত্রী, মন্ত্রী, প্রতিমন্ত্রী, উপমন্ত্রী ৩. স্পীকার ৪. ডেপুটি স্পীকার ৫. সংসদ সদস্য ৬. প্রধান ও অন্যান্য বিচারপতি ৭. প্রধান নির্বাচন কমিশনার ৮. মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক ৯. কর্মকমিশনের চেয়ারম্যান ও সদস্যগণ	১. অ্যাটর্নি জেনারেল ২. ন্যায়পাল

প্রশাসনিক কাঠামো

বাংলাদেশের প্রশাসনিক ব্যবস্থাকে ২ ভাগে ভাগ করা যায়। ১) কেন্দ্রীয় প্রশাসন ২) মাঠ প্রশাসন

কেন্দ্রীয় প্রশাসন

কেন্দ্রীয় প্রশাসনের ৪টি স্তর; ১) সচিবালয় ২) মন্ত্রণালয় ৩) অধিদপ্তর ৪) পরিদপ্তর

সচিবালয়:

- বাংলাদেশের মন্ত্রণালয়গুলোকে যৌথভাবে সচিবালয় বলা হয়।
- বাংলাদেশ সরকারের প্রশাসনিক সদর দপ্তর সচিবালয়।
- বাংলাদেশের প্রশাসন ব্যবস্থার স্নায়ুকেন্দ্র/হৃৎপিণ্ড সচিবালয়।
- সচিবালয়ের প্রশাসনিক প্রধান সচিব।

সচিবালয় ৪টি;

১) বাংলাদেশ সচিবালয় (প্রধান সচিবালয়)
২) জাতীয় সংসদ সচিবালয়
৩) নির্বাচন কমিশন সচিবালয়
৪) কর্ম কমিশন সচিবালয়

সচিবালয়ের প্রশাসনিক কাঠামো

মন্ত্রী
↓
সিনিয়র সচিব
↓
সচিব
↓
অতিরিক্ত সচিব
↓
যুগ্ম সচিব
↓
উপসচিব
↓
সিনিয়র সহকারী সচিব
↓
সহকারী সচিব

মন্ত্রণালয়:

- সচিবালয়ের একটি সাংগঠনিক ও প্রশাসনিক শাখা- মন্ত্রণালয়।
- মন্ত্রণালয়ের নির্বাহী প্রধান- মন্ত্রী
- মন্ত্রণালয়ের প্রশাসনিক প্রধান ও মুখ্য হিসাব নিরীক্ষক- সচিব।

অধিদপ্তর:

- মন্ত্রণালয়ের অধীন প্রশাসনিক ইউনিট- অধিদপ্তর
- অধিদপ্তরের প্রধান- মহাপরিচালক

পরিদপ্তর:

- অধিদপ্তরের অধীনে প্রশাসনিক ইউনিট- পরিদপ্তর
- পরিদপ্তরের প্রধান- পরিচালক

মাঠ প্রশাসন

মাঠ প্রশাসনের ৩টি স্তর; ১) বিভাগীয় প্রশাসন ২) জেলা প্রশাসন ৩) উপজেলা প্রশাসন

বাংলাদেশের অর্থনীতি, সংস্কৃতি ও জাতীয় বিষয়াবলি

ব্যাংক, মুদ্রা, কর

- বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংকের নাম 'বাংলাদেশ ব্যাংক'। ★ প্রতিষ্ঠা লাভ করে ১৬ ডিসেম্বর ১৯৭১।
- বাংলাদেশের মুদ্রানীতি (Monetary Policy) প্রণয়ন করে বাংলাদেশ ব্যাংক।
- মুদ্রাবাজার বা মানি মার্কেট নিয়ন্ত্রণ করে বাংলাদেশ ব্যাংক।
- বাংলাদেশে সর্বপ্রথম নিজস্ব মুদ্রা চালু হয় ৪ মার্চ, ১৯৭২।
- বাংলাদেশের নোট ২ ধরনের; ব্যাংক নোট, সরকারি নোট।
  - ✪ সরকারি নোট তিনটি (১, ২ ও ৫ টাকার নোট)
  - ✪ ব্যাংক নোট ৭টি (১০, ২০, ৫০, ১০০, ২০০, ৫০০ ও ১০০০ টাকার নোট)
- সর্বশেষ ব্যাংক নোট: ২০০ টাকার নোট। বাজারে আসে: ১৮ মার্চ, ২০২০
- সরকারি নোটে স্বাক্ষর থাকে অর্থ সচিবের । ব্যাংক নোটে স্বাক্ষর থাকে গভর্ণরের।
- স্বাধীন বাংলাদেশের প্রথম মুদ্রার ডিজাইনার হলেন কে. জি মুস্তাফা।
- বাংলাদেশের প্রথম মোবাইল ব্যাংকিং শুরু করে 'রকেট' 'ডাচ বাংলা ব্যাংক'।
- বাংলাদেশ পোস্ট অফিস পরিচালিত মোবাইল ব্যাংকিং এর নাম 'নগদ'।
- বাংলাদেশে স্টক এক্সচেঞ্জ রয়েছে ২টি; ঢাকা স্টক এক্সচেঞ্জ ও চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ।
- পুঁজিবাজার/শেয়ার বাজার/মূলধন বাজার/স্টক মার্কেট নিয়ন্ত্রণ করে- সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন।
- বাংলাদেশের ক্ষুদ্র ঋণ প্রদানকারী প্রতিষ্ঠানসূহের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (MRA)।
- 'সেকেন্ডারি মার্কেট', 'ব্ল্যাক মানডে' শেয়ার বাজার/স্টক মার্কেট এর সাথে সংশ্লিষ্ট।
- 'বেইল আউট (Bail out) শব্দটি অর্থনীতির সাথে সম্পর্কিত।
- বাংলাদেশ সরকার মূল্য সংযোজন কর (মূসক) হতে সবচেয়ে বেশি আয় করে।
- ১ জুলাই ১৯৯১ বাংলাদেশে মূল্য সংযোজন কর (মূসক) (VAT) প্রথম প্রবর্তিত হয়।
- মূল্য সংযোজন কর (মূসক) (VAT) হচ্ছে পরোক্ষ কর। আয়কর প্রত্যক্ষ কর।

ইপিজেড

- ❖ বর্তমানে বাংলাদেশে মোট ইপিজেড আছে ১০ টি। সরকারি ৮টি; বেসরকারি ২টি।
- ❖ ইপিজেড সমূহের ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ করে- বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (BEPZA)
- ❖ বাংলাদেশ ইপিজেড কর্তৃপক্ষ (BEPZA) যা প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন।
- ❖ প্রথম ইপিজেড চট্টগ্রাম ইপিজেড (১৯৮৩)। একমাত্র কৃষিভিত্তিক ইপিজেড উত্তরা ইপিজেড (নীলফামারী)।
- ❖ আয়তনে বৃহত্তম ইপিজেড- কোরিয়ান ইপিজেড (চট্টগ্রাম)।

অর্থনৈতিক উন্নয়ন পরিকল্পনা

- বাংলাদেশে পঞ্চবার্ষিকী পরিকল্পনা করেন পরিকল্পনা কমিশন।
- পরিকল্পনা কমিশনের চেয়ারম্যান প্রধানমন্ত্রী এবং সহ সভাপতি পরিকল্পনামন্ত্রী; বিকল্প সভাপতি-অর্থমন্ত্রী।
- জাতীয় অর্থনৈতিক কাউন্সিলের নির্বাহী কমিটি (একনেক) এর সভাপতি প্রধানমন্ত্রী।
- প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনা হয় ১৯৭৩-১৯৭৮ এবং ৮ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা ২০২০-২০২৫।

বাংলাদেশ প্রেক্ষিত পরিকল্পনা

- ❖ বাংলাদেশের প্রথম প্রেক্ষিত পরিকল্পনা ছিল ২০১০-২০২১; যা ভিশন ২০২১ নামে পরিচিত।
- ❖ বাংলাদেশের দ্বিতীয় প্রেক্ষিত পরিকল্পনা হচ্ছে ২০২১-২০৪১ ; রূপকল্প ২০৪১ নামে পরিচিত।
- ❖ রূপকল্প ২০৪১ এর চ্যালেঞ্জ ১৫টি, স্তম্ভ ৪টি, লক্ষ্য ২টি।

দেশের সবচেয়ে দীর্ঘমেয়াদি (১০০ বছর) পরিকল্পনা- বদ্বীপ পরিকল্পনা ২১০০ (Bangladesh Delta Plan 2100)

বাংলাদেশ বদ্বীপ পরিকল্পনা ২১০০ প্রণয়ন, অনুসরণ ও বাস্তবায়নে সহায়তা করছে নেদারল্যান্ড

বন

- বাংলাদেশের বৃহত্তম ব-দ্বীপ হচ্ছে সুন্দরবন।
- সুন্দরবনকে 'বাংলাদেশের ফুসফুস' বলা হয়।
- পৃথিবীর বৃহত্তম ম্যানগ্রোভ অরণ্যের নাম সুন্দরবন।
- সুন্দরবনের আয়তন ১০,০০০ বর্গ কিলোমিটার। বাংলাদেশের অন্তর্গত সুন্দরবনের আয়তন ৬,০১৭ বর্গ কি.মি।
- সুন্দরবন বাংলাদেশের অংশের পরিমাণ ৬২ শতাংশ।
- সুন্দরবন বাংলাদেশের ৫টি জেলা খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, পটুয়াখালী ও বরগুনা জেলার সীমানাভুক্ত।
- ইউনেস্কো ৬ ডিসেম্বর ১৯৯৭ সালে ৫২২তম 'বিশ্ব ঐতিহ্য' এর অংশ হিসেবে সুন্দরবনকে ঘোষণা করেন।

খনিজ সম্পদ ও শিল্প

- ❖ বাংলাদেশের প্রধান প্রধান খনিজ সম্পদ হলো গ্যাস, কয়লা, চুনা পাথর, চীনামাটি, নুড়িপাথর, কঠিন শিলা ইত্যাদি।
- ❖ বাংলাদেশের প্রধান খনিজ সম্পদ প্রাকৃতিক গ্যাস।
- ❖ বাংলাদেশে হরিপুর গ্যাসক্ষেত্রটি প্রথম আবিষ্কৃত হয় ১৯৫৫ সালে।
- ❖ প্রথম গ্যাস উত্তোলন শুরু হয় ১৯৫৭ সালে।
- ❖ বাংলাদেশের সবচেয়ে বড় গ্যাসক্ষেত্র তিতাস গ্যাসক্ষেত্র।

দেশের প্রথম তাপবিদ্যুৎ কেন্দ্র (কয়লা ভিত্তিক)
"বড়পুকুরিয়া তাপবিদ্যুৎ কেন্দ্র"

- ❖ বাংলাদেশের সর্বশেষ ২৯তম গ্যাসক্ষেত্র ইলিশা-১, ভোলায় অবস্থিত। ২৮ তম জকিগঞ্জ, সিলেট।
- ❖ বাংলাদেশের প্রথম সামুদ্রিক গ্যাসক্ষেত্র 'সাঙ্গু'।
- ❖ রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র- ঈশ্বরদী, পাবনায় অবস্থিত।
- ❖ কয়লা ভিত্তিক রামপাল তাপ বিদ্যুৎ কেন্দ্র- রামপাল, বাগেরহাটে অবস্থিত।
- ❖ দেশের বৃহত্তম বিদ্যুৎ কেন্দ্র 'পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্র', (কলাপাড়া, পটুয়াখালী)।
- ❖ পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্র উদ্বোধন করা হয় ২১ মার্চ ২০২২।
- ❖ বাংলাদেশের একমাত্র পানি বিদ্যুৎ কেন্দ্র 'কাপ্তাই জলবিদ্যুৎ কেন্দ্র' রাঙ্গামাটিতে অবস্থিত।
- ❖ বাংলাদেশের বড় জাহাজ নির্মাণ কারখানা খুলনা শিপইয়ার্ড।
- ❖ দেশে নির্মিত প্রথম যুদ্ধ জাহাজ হচ্ছে 'বিএনএস পদ্মা'।
- ❖ বাংলাদেশের ঔষধ শিল্প পার্ক গজারিয়া, মুন্সিগঞ্জে অবস্থিত।

স্থাপনা, স্থপতি ও অবস্থান

স্থাপনা	স্থপতি	অবস্থান
কেন্দ্রীয় শহীদ মিনার	হামিদুর রহমান	ঢাকা মেডিকেল কলেজ সংলগ্ন
জাতীয় স্মৃতিসৌধ	সৈয়দ মাইনুল হোসেন	সাভার, ঢাকা
জাতীয় জাদুঘর	মোস্তফা কামাল	শাহবাগ, ঢাকা
মুজিবনগর স্মৃতিসৌধ	তানভীর কবির	মেহেরপুর জেলায়
বুদ্ধিজীবী স্মৃতিসৌধ	মোস্তফা হারুন কুদ্দুস হিলি	মিরপুর, ঢাকা
সংসদ ভবন	লুই আই কান	শেরে বাংলা নগর, ঢাকা
অপরাজেয় বাংলা	সৈয়দ আব্দুল্লাহ খালেদ	কলাভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়
সাবাস বাংলাদেশ	নিতুন কুণ্ডু	রাজশাহী বিশ্ববিদ্যালয়
দুর্জয়	মৃণাল হক	রাজারবাগ, ঢাকা
সংশপ্তক	হামিদুজ্জামান	জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
স্বোপার্জিত স্বাধীনতা	শামীম শিকদার	টিএসসি চত্বর, ঢাকা বিশ্ববিদ্যালয়
মিশুক	মুস্তফা মনোয়ার	শহীদ জিয়া শিশু পার্ক, শাহবাগ
বিজয় ৭১	শ্যামল চৌধুরী	বাংলাদেশ কৃষি বিশ্ববি., ময়মনসিংহ
রাজু ভাস্কর্য		টিএসসি, ঢাকা বিশ্ববিদ্যালয়
শাপলা চত্বর, দোয়েল চত্বর	আজিজুল জলিল পাশা	
মোদের গরব	অখিল পাল	বাংলা একাডেমী প্রাঙ্গণ
হাতির ঝিল	এহসান খান	
কমলাপুর রেলস্টেশন	বব বুই	কমলাপুর, ঢাকা
ডাক ভবন	কৌশিক বিশ্বাস	আগারগাঁও, ঢাকা

- জাতীয় স্মৃতিসৌধের উচ্চতা ১৫০ ফুট বা ৪৬.৫ মিটার। ফলক সংখ্যা ৭টি। এটি 'সম্মিলিত প্রয়াস' নামেও পরিচিত।
- 'শিখা অনির্বাণ'- ঢাকা সেনানিবাসে ও 'শিখা চিরন্তন'- সোহরাওয়ার্দী উদ্যানে অবস্থিত।
- সম্মিলিতভাবে বাংলার নারী পুরুষের মুক্তিযুদ্ধে অংশগ্রহণের বিজয় প্রতীক হচ্ছে অপরাজেয় বাংলা।
- বাংলাদেশের প্রথম মহিলা ভাস্কর 'নভেরা আহমেদ'।
- গ্রাফিতি শব্দটি ইতালিয়ান শব্দ 'গ্রাফিতো' হতে এসেছে। এর অর্থ 'খচিত'।
- টেরাকোটা হল- পোড়ামাটির ফলক। পটচিত্র হল কাপড়ে আঁকা ঐতিহ্যবাহী চিত্র।
- Typogrphy অর্থ হরফ শিল্প।

উপজাতি

- বাংলাদেশের বৃহত্তম ক্ষুদ্র জাতিগোষ্ঠী যথাক্রমে- ক চাকমা খ মারমা গ সাঁওতাল
- চাকমারা বৌদ্ধ ধর্মালম্বী। অধিকাংশ উপজাতিই বৌদ্ধ ধর্মালম্বী। সর্বাধিক বাস করে রাঙামাটি জেলায়।
- মারমারা গ্রামকে রোয়া বলে। খাসিয়াদের গ্রাম পুঞ্জি নামে পরিচিত।
- গারোদের ধর্মের নাম সাংসারেক।
- বাংলাদেশে বাস করা মুসলমান উপজাতির নাম হলো পাঙন।
- মাতৃতান্ত্রিক বাংলাদেশের নৃ-গোষ্ঠী হলো- গারো, খাসিয়া
- পিতৃতান্ত্রিক বাংলাদেশের নৃ-গোষ্ঠী হলো- মারমা, হাজং
- উপজাতিদের প্রধান সামাজিক উৎসবের নাম বৈসাবি।

উপজাতি	প্রধান উৎসব
চাকমা	বিজু
ত্রিপুরা	বৈসুক
মারমা	সাংগ্রাই
গারো	ওয়াংগালা
সাঁওতাল	সোহরাই

গান ও নৃত্য

- ২০০৫ সালের ২৭ নভেম্বর ইউনেস্কো বাউল গানকে 'মানবতার ধারক' (Heritage of Humanity) বলে স্বীকৃতি দিয়েছে।
- মনিপুরী নৃত্য- সিলেট অঞ্চলের।
- বাংলাদেশের বাউল সম্রাট- লালন ফকির। সুর সম্রাট ওস্তাদ আলাউদ্দীন খাঁ।

লোক সঙ্গীত	যে অঞ্চলের গান
গম্ভীরা	চাঁপাইনবাবগঞ্জ
চটকা, ভাওয়াইয়া	রংপুর
ভাটিয়ালী, লেটোস	ময়মনসিংহ
ভান্ডারী	চট্টগ্রাম
সারি (নৌকাবাইস প্রতিযোগিতার সময় পরিবেশিত গান)	সিলেট ও ময়মনসিংহ
পালাগান	ময়মনসিংহ
মণিপুরী নৃত্য সিলেট অঞ্চলের নাচ।	

- **গানের গীতিকার ও সুরকার**

গান	গীতিকার	সুরকার
আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি.....	আবদুল গাফফার চৌধুরী	১ম সুরকার: আবদুল লতিফ বর্তমান সুরকার: আলতাফ মাহমুদ
এক সাগর রক্তের বিনিময়ে বাংলার.....	গোবিন্দ হালদার	আপেল মাহমুদ
মোরা একটি ফুলকে বাঁচাবো বলে....	গোবিন্দ হালদার	আপেল মাহমুদ
পূর্ব দিগন্তে সূর্য উঠেছে.....	গোবিন্দ হালদার	
সব কটি জানালা খুলে দাও না.....	নজরুল ইসলাম বাবু	
সালাম সালাম হাজার সালাম	ফজল-এ-খোদা	আব্দুল জব্বার
জয় বাংলা বাংলার জয়	গাজী মাযহারুল আনোয়ার	
ধন ধান্যে পুষ্পে ভরা, আমাদের....	দ্বিজেন্দ্রলাল রায়	

চলচ্চিত্র

- বাংলা চলচ্চিত্রের জনক আবদুল জব্বার খান।
- বাংলাদেশের শ্রেষ্ঠ চলচ্চিত্রকার জহির রায়হান।
- বাংলাদেশের প্রথম সবাক চলচ্চিত্র 'মুখ ও মুখোশ'। পরিচালক: আবদুল জব্বার খান
- মুক্তিযুদ্ধভিত্তিক প্রথম প্রামাণ্য চলচ্চিত্র 'Stop Gencocide'। পরিচালক: জহির রায়হান
- মুক্তিযুদ্ধভিত্তিক প্রথম পূর্ণাঙ্গ চলচ্চিত্র 'ওরা ১১ জন'। পরিচালক: চাষী নজরুল ইসলাম
- 'মাটির ময়না' চলচ্চিত্রের পরিচালক তারেক মাসুদ।
- 'জীবন থেকে নেয়া', 'কাচের দেয়াল', 'Let There be Light' চলচ্চিত্রের পরিচালক: জহির রায়হান।
- 'হাঙর নদী গ্রেনেড' চলচ্চিত্রের পরিচালক চাষী নজরুল ইসলাম।
- 'গেরিলা' চলচ্চিত্রের পরিচালক নাসির উদ্দিন ইউসুফ।
- 'পথের পাঁচালী' চলচ্চিত্রের পরিচালক সত্যজিৎ রায়।

বাংলাদেশের রণ সংগীত

- বাংলাদেশের রণ সংগীত এর রচয়িতা (গীতিকার) ও সুরকার কাজী নজরুল ইসলাম।
- রাষ্ট্রীয় অনুষ্ঠানে রণ সংগীতের ২১ চরণ বাজানো হয়।
- সন্ধ্যা কাব্য হতে নেয়া শিখা পত্রিকায় 'নতুন গান' নামে ১৯২৮ সালে ১ম প্রকাশিত হয়।

জাতীয় সঙ্গীত

- ✓ বাংলাদেশের জাতীয় সংঙ্গীতের রচয়িতা রবীন্দ্রনাথ ঠাকুর।
- ✓ ২৫ চরণ বিশিষ্ট কবিতার প্রথম ১০ চরণ বাংলাদেশের জাতীয় সঙ্গীত
- ✓ কোন রাষ্ট্রীয় অনুষ্ঠানে প্রথম ৪ চরণ বাজানো হয়।
- ✓ গানটির ইংরেজি অনুবাদ করেন সৈয়দ আলী আহসান।
- ✓ জাতীয় সঙ্গীতটি বঙ্গদর্শন পত্রিকায় ১৩১২ বঙ্গাব্দে (১৯০৫ খ্রী.) ১ম প্রকাশিত হয়।

রবীন্দ্রনাথ বাংলাদেশ, ভারত ও শ্রীলঙ্কার জাতীয় সংঙ্গীতের রচিয়তা

জাতীয় পতাকা, রাষ্ট্রীয় মনোগ্রাম অন্যান্য চিত্রকর্ম

- ❖ বাংলাদেশের জাতীয় প্রতীক এর নকশাকার কামরুল হাসান। জাতীয় প্রতীকে ৪টি তারকা রয়েছে।
- ❖ রাষ্ট্রীয় মনোগ্রামের ডিজাইনার এ এন সাহা।
- ❖ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মনোগ্রামে ৪টি তারকাচিহ্ন রয়েছে।

জাতীয় পতাকা

- ৬ মানচিত্র খচিত পতাকার ডিজাইনার শিব নারায়ণ দাশ।
- ৬ বর্তমান জাতীয় পতাকার ডিজাইনার কামরুল হাসান।
- ৬ জাতীয় পতাকার অনুপাত ১০ঃ৬/ ৫ঃ৩।
- ৬ জাতীয় পতাকা প্রথম উত্তোলন করেন আ.স.ম. আবদুর রব ২ মার্চ, ১৯৭১ সালে।
- ৬ জাতীয় পতাকা ১৭ জানুয়ারি, ১৯৭২ সালে গৃহীত হয়।
- ৬ বাংলাদেশের পতাকা সর্বপ্রথম বিদেশী মিশন 'কলকাতাস্থ বাংলাদেশ মিশন' এ ১৮ এপ্রিল, ১৯৭১ সালে উত্তোলন করা হয়।
- ৬ বাংলাদেশের জাতীয় পতাকার মিল রয়েছে জাপান ও পালাউ দেশের পতাকার।

❖ বাংলাদেশ বিমানের প্রতীক 'বলাকা'। এর ডিজাইনার কামরুল হাসান।

জাতীয় কবি

- কাজী নজরুল ইসলামকে বাংলাদেশের জাতীয় কবি হিসেবে অনানুষ্ঠানিক ঘোষণা দেন ১৯৭৪ সালে।
- ১৯৭২ সালের ৪ মে বাংলাদেশে আসার তারিখ থেকে কাজী নজরুল ইসলামকে 'জাতীয় কবি' ঘোষণা করে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় প্রজ্ঞাপন জারি করেন ১৫ ডিসেম্বর, ২০২৪।
- কাজী নজরুল ইসলামকে বাংলাদেশের নাগরিকত্ব দেয়া হয় ১৯৭৬ সালে।
- কাজী নজরুল ইসলাম প্রথম ঢাকায় আসেন ১৯২৬ সালে।
- কাজী নজরুল ইসলাম ৩টি পত্রিকার সম্পাদক ছিলেন (ধূমকেতু, নবযুগ ও লাঙ্গল)।

পুরস্কার ও চিত্রকর্ম/ লোগো

- ❖ দেশের সবচেয়ে বড়/ সর্বোচ্চ পুরস্কার 'স্বাধীনতা পুরস্কার'।
- ❖ স্বাধীনতা পুরস্কার প্রবর্তিত হয় ১৯৭৭ সালে।
- ❖ বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম পুরস্কার একুশে পদক।
- ❖ বাংলা একাডেমী পুরস্কার প্রবর্তন হয় ১৯৬০ সালে।
- ❖ একুশে পদক প্রবর্তিত হয় ১৯৭৬ সালে।
- ❖ স্বাধীনতা পুরস্কার ও একুশে পদক এর প্রবর্তক জিয়াউর রহমান।

চিত্রকর্ম/ লোগো	চিত্রশিল্পী
ম্যাডোনা ৪৩, সংগ্রাম, মনপুরা ৭০	জয়নুল আবেদিন (শ্রেষ্ঠ চিত্রশিল্পী)
তিন কন্যা	কামরুল হাসান
টোকাই	রফিকুন্নবী
মেট্রোরেল লোগো	আলী আহসান নিশান
জাতীয় প্রতীক	কামরুল হাসান
রাষ্ট্রীয় মনোগ্রাম	এ.এন.সাহা
উন্নত মম শির	শহীদ কবির

জাতীয় ও আন্তর্জাতিক দিবস

বঙ্গবন্ধু স্বদেশ প্রত্যাবর্তন দিবস	১০ জানুয়ারি		আন্তর্জাতিক সাক্ষরতা দিবস	৮ সেপ্টেম্বর
আন্তর্জাতিক মাতৃভাষা দিবস/শহীদ দিবস	২১ ফেব্রুয়ারি		বিশ্ব খাদ্য দিবস	১৬ অক্টোবর
জাতীয় বীমা দিবস	১ মার্চ		জাতিসংঘ দিবস	২৪ অক্টোবর
জাতীয় ভোটার দিবস	২ মার্চ		জেলহত্যা দিবস	৩ নভেম্বর
বিশ্ব নারী দিবস	৮ মার্চ		সশস্ত্র বাহিনী দিবস	২১ নভেম্বর
গণহত্যা দিবস	২৫ মার্চ		আয়কর দিবস	৩০ নভেম্বর
স্বাধীনতা দিবস/ জাতীয় দিবস	২৬ মার্চ		মুক্তিযোদ্ধা দিবস / বিশ্ব এইডস দিবস	১ ডিসেম্বর
বিশ্ব স্বাস্থ্য দিবস	৭ এপ্রিল		বিশ্ব মানবাধিকার দিবস	১০ ডিসেম্বর
মুজিবনগর দিবস	১৭ এপ্রিল		মূসক দিবস	১০ ডিসেম্বর
বিশ্ব ধরিত্রী দিবস	২২ এপ্রিল		শহীদ বুদ্ধিজীবী দিবস	১৪ ডিসেম্বর
আন্তর্জাতিক শ্রমিক দিবস	১ মে		বিজয় দিবস	১৬ ডিসেম্বর
বিশ্ব পরিবেশ দিবস	৫ জুন		জাতীয় কৃষি দিবস	১অগ্রহায়ণ
৬ দফা দিবস	৭ জুন			
বিশ্ব জনসংখ্যা দিবস	১১ জুলাই			
পাবলিক সার্ভিস দিবস	২৩ জুলাই			

বাংলাদেশের প্রথম ও বর্তমান

	প্রথম	বর্তমান
পতাকা উত্তোলন	২ মার্চ ১৯৭১	
সংসদ নির্বাচন	৭ মার্চ ১৯৭৩	
রাষ্ট্রপতি	শেখ মুজিবুর রহমান	মো. সাহাবুদ্দিন (২২তম)
রাষ্ট্রপতি (নির্বাচিত)	জিয়াউর রহমান	মো. সাহাবুদ্দিন (২২তম)
প্রধানমন্ত্রী	তাজউদ্দীন আহমদ	
প্রথম নারী প্রধানমন্ত্রী	বেগম খালেদা জিয়া	
স্বরাষ্ট্রমন্ত্রী	এ এইচ এম কামারুজ্জামান	
অর্থমন্ত্রী	ক্যাপ্টেন এম মনসুর আলী	
গণপরিষদের স্পিকার	শাহ আবদুল হামিদ	
জাতীয় সংসদের স্পিকার	মোহাম্মদ উল্ল্যাহ	
জাতীয় সংসদে নারী স্পিকার	শিরীন শারমিন চৌধুরী	
জাতীয় সংসদের সংসদ নেতা	শেখ মুজিবুর রহমান	
প্রধান বিচারপতি	এ. এস. এম. সায়েম	সৈয়দ রেফাত আহমেদ (২৫তম)
বাংলাদেশ ব্যাংকের গভর্নর	এ এন এম হামিদুল্লাহ	আহসান এইচ মনসুর (১৩তম)
প্রধান নির্বাচন কমিশনার	বিচারপতি মোহাম্মদ ইদ্রিস	এ এম এম নাসির উদ্দীন (১৪তম)
পতাকা উত্তোলক	আ স ম আবদুর রব	
অ্যাটর্নি জেনারেল	এম এইচ খন্দকার	মোঃ আসাদুজ্জামান (১৭তম)
মন্ত্রিপরিষদ সচিব	এইচ টি ইমাম	ড. শেখ আব্দুর রশীদ
জাতিসংঘে বাংলাদের স্থায়ী প্রতিনিধি	সৈয়দ আনোয়ারুল করিম	সালাহউদ্দিন নোমান চৌধুরী (১৭তম)

বাংলাদেশের মেগা প্রকল্প

প্রকল্প	অবস্থান	সহায়তাকারী
পদ্মা সেতু	মুন্সিগঞ্জ, শরীয়তপুর, মাদারীপুর	নিজস্ব অর্থায়নে
মেট্রোরেল	ঢাকা	জাপান
রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র	পাবনার ঈশ্বরদী উপজেলায়	রাশিয়া
রামপাল বিদ্যুৎ কেন্দ্র	বাগেরহাটের রামপাল উপজেলায় (পশুর নদীর তীরে)	ভারত
মাতারবাড়ি গভীর সমুদ্রবন্দর	কক্সবাজারের মহেশখালী উপজেলায়	জাপান
মাতারবাড়ি কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র	কক্সবাজারের মহেশখালী উপজেলায়	জাপান
কর্ণফুলী/বঙ্গবন্ধু টানেল	চট্টগ্রাম (আনোয়ারা উপজেলাকে যুক্ত করেছে)	চীন
পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্র	কলাপাড়া, পটুয়াখালী	চীন
ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে	ঢাকা	চীন
শাহজালাল বিমান বন্দর তৃতীয় টার্মিনাল	ঢাকা	জাপান

ভৌগোলিক

বাংলাদেশের অবস্থান ও সীমানা

